**আল কুরআন**
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
••••••••••••••••••
হে আহলে কিতাবগণ, কেন তোমরা সত্যকে মিথ্যার সাথে সংমিশ্রণ করছ এবং সত্যকে গোপন করছ, অথচ তোমরা তা জানো।
সূরা আল ইমরান ৭১

দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ০২ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৯ রবিঃ আউঃ ১৪৪৮ ॥ ১৯ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৮৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

অ্যাঙ্কর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫



## গণতন্ত্রের মাধ্যমেই দেশের টেকসই অগ্রগতি সম্ভব: প্রধানমন্ত্রী

**কীর্তনখোলা ডেস্ক**
গণতন্ত্রের মাধ্যমেই দেশের টেকসই অগ্রগতি ও উন্নয়ন সম্ভব জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দীর্ঘ ২ এর পাতায় দেখুন



## মবের অপসংস্কৃতি শক্তভাবে মোকাবিলা করা হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

**কীর্তনখোলা ডেস্ক**
মবের যে অপসংস্কৃতি সৃষ্টি হয়েছিল, সেটাকে শক্তভাবে মোকাবিলা করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ২ এর পাতায় দেখুন



## এমপিওভুক্ত শিক্ষকরা নতুন পে-স্কেলে বেতন-ভাতা পাবেন: শিক্ষামন্ত্রী

**কীর্তনখোলা ডেস্ক**
বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক ও কর্মচারীরা নতুন পে-স্কেলে অন্তর্ভুক্ত হবেন এবং সে অনুযায়ী বেতন-ভাতা ২ এর পাতায় দেখুন



## প্রধানমন্ত্রীর ভারত সফর উপযুক্ত পরিবেশ তৈরি হলেই: হুমায়ুন কবির

**কীর্তনখোলা ডেস্ক**
প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফরের কোনো নির্দিষ্ট তারিখ এখনো চূড়ান্ত হয়নি। তবে পারস্পরিক সম্মান, জাতীয় ২ এর পাতায় দেখুন







### বরিশালে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী পালিত
# আধুনিক, স্বনির্ভর ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়ার প্রত্যয়

**কীর্তনখোলা রিপোর্ট**
বরিশালে নানা আয়োজনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার দুপুর ১২ টায় বিএনপির দলীয় কার্যালয় ও নগরীর অশ্বিনী কুমার হলের সামনে পৃথক সংক্ষিপ্ত সমাবেশ করে জেলা ও মহানগর বিএনপি। মহানগর বিএনপি আয়োজিত দলীয় কার্যালয়ের সামনে সংক্ষিপ্ত সমাবেশ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বরিশাল সদর আসনের সংসদ সদস্য অ্যাড. মজিবর রহমান সরোয়ার। প্রধান অতিথি বলেন, বিএনপির চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী মরহুমা বেগম খালেদা জিয়া গণতন্ত্রের জন্য লড়াই করে গেছেন। তিনি কখনো অন্যায়ের সাথে আপোষ করেননি। দীর্ঘ ১৭ বছর তিনি গণতন্ত্রের জন্য লড়াই করে গেছেন। তার দেখানো পথ ধরে বর্তমান সরকার বিএনপির চেয়ারম্যান তারেক রহমান এগিয়ে যাচ্ছেন। তিনি বলেন, বর্তমান প্রধানমন্ত্রী বাংলাদেশকে একটি নতুন বাংলাদেশ হিসেবে গড়ে তুলবেন। এ লক্ষ্যে বিএনপির সকল নেতাকর্মীকে ঐক্যবদ্ধ থেকে দেশ গড়ার কাজে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। বরিশাল মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান খান ফারুকের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য দেন, কেন্দ্রীয় বিএনপির বরিশাল বিভাগীয় সাংগঠনিক সম্পাদক ও বরিশাল ২ এর পাতায় দেখুন

### বরিশালে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীতে
# ছাত্রদলের দুই পক্ষের হাতাহাতি ও পাল্টাপাল্টি ধাওয়া

**কীর্তনখোলা রিপোর্ট**
বরিশালে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত র‍্যালিতে ছাত্রদলের দুই পক্ষের মধ্যে হাতাহাতি ও পাল্টাপাল্টি ধাওয়ার ঘটনা ঘটেছে। এতে বেশ কয়েকজন ছাত্রদলকর্মী আহত হয়েছেন। মঙ্গলবার দুপুরে সদর রোডের অভিরুচি সিনেমা হলের সামনে নগর বিএনপির আয়োজিত র‍্যালিতে এ ঘটনা ঘটে। এ সময় বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা মজিবর রহমান সরওয়ার উপস্থিত ছিলেন। প্রত্যক্ষদর্শীরা জানান, দুপুরে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীর র‍্যালিটি দলীয় কার্যালয় থেকে বের হয়ে নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এতে অংশ নেন বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা মজিবর রহমান সরওয়ার ও বিএনপির কেন্দ্রীয় সহসাংগঠনিক সম্পাদক আকন কুদ্দুসুর রহমান। র‍্যালিটি শেষ হয়ে দলীয় কার্যালয়ে প্রবেশের সময় অভিরুচি সিনেমা হলের সামনে



ছাত্রদলের দুই পক্ষের মধ্যে হট্টগোল শুরু হয়। র‍্যালির সামনে যাওয়া নিয়ে সিনিয়র-জুনিয়র দ্বন্দ্বের জেরে ছাত্রদলের দুই পক্ষের মধ্যে প্রথমে বাকবিতণ্ডা এবং একপর্যায়ে পাল্টাপাল্টি ধাওয়া ও হাতাহাতির ঘটনা ঘটে। এতে বেশ কয়েকজন ছাত্রদলকর্মী আহত হন। পরে দলীয় কার্যালয়ে উপস্থিত বিএনপির সিনিয়র নেতারা কর্মী-সমর্থকদের শান্ত করার চেষ্টা করেন। ২ এর পাতায় দেখুন

## ভিমরুলের কামড়ে আহত সেই 'ডাব চোর' দবির মারা গেছেন

**বরগুনা প্রতিনিধি**
বরগুনায় ডাব চুরি করতে গিয়ে ভিমরুলের কামড়ে আহত দবির চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। সোমবার (৩১ আগস্ট) ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) ভোরে তাকে বরগুনায় নিয়ে যাওয়া হয়। এর আগে গত ২৯ আগস্ট বরগুনা পৌরসভার দক্ষিণ বরগুনা নামক এলাকায় বেলাল হোসেন নামে এক বাসিন্দার বাড়িতে একটি নারিকেল গাছের ডাব চুরির সময় ভিমরুলের কামড়ে গাছ থেকে মাটিতে পড়ে যান দবির। এতে গুরুতর আহত হয়ে বাঁচতে বাড়ির মালিককেই ডাকেন তিনি। পরে খবর পেয়ে আহত অবস্থায় ওই চোরকে উদ্ধার করে চিকিৎসার জন্য বরগুনা জেনারেল হাসপাতালে পাঠায় পুলিশ। ২ এর পাতায় দেখুন

## আপনার নেতৃত্বেই বাংলাদেশের ভবিষ্যৎ উজ্জ্বল: তারেক রহমানকে ট্রাম্প

**কীর্তনখোলা ডেস্ক**
প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশের 'খুব উজ্জ্বল ভবিষ্যৎ' রয়েছে বলে অভিমত ব্যক্ত করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সোমবার (৩১ আগস্ট) হোয়াইট হাউজ থেকে প্রধানমন্ত্রী তারেক রহমানকে পাঠানো এক চিঠিতে এ অভিমত ব্যক্ত করেন তিনি। প্রধানমন্ত্রীর অতিরিক্ত



প্রেস সচিব আতিকুর রহমান রুমন এ তথ্য জানিয়েছেন। চিঠির শুরুতে ট্রাম্প লেখেন, 'প্রিয় মি. প্রধানমন্ত্রী, বোয়িংয়ের উড়োজাহাজ কেনার বিষয়ে আপনার চিঠি এইমাত্র পেয়েছি। উড়োজাহাজ কেনার সিদ্ধান্তের জন্য আপনাকে ধন্যবাদ, কৃতজ্ঞতা রইলো। ট্রাম্প বলেন, 'বোয়িং আপনাকে হতাশ করবে না।' বিষয়টির প্রতি আপনার মনোযোগের জন্যও ধন্যবাদ। অদূর ভবিষ্যতে আপনার সঙ্গে সাক্ষাৎ হবে আশা করি। চিঠিতে বাংলাদেশের জনগণের প্রতি উষ্ণ শুভেচ্ছা ও ভালোবাসা পৌঁছে দিতে প্রধানমন্ত্রীকে অনুরোধ করেন ট্রাম্প। তিনি বলেন, বাংলাদেশের জনগণ অনেক কিছু পার করেছে। তবে তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশের জনগণ ও দেশটির 'খুব উজ্জ্বল ভবিষ্যৎ' রয়েছে বলে তিনি নিশ্চিত। চিঠির শেষে 'শুভকামনাসহ' এবং 'আন্তরিকভাবে' উল্লেখ করে সই করেন ডোনাল্ড ট্রাম্প।

## হাম ও হামের উপসর্গে শিশুমৃত্যু হাজার ছুঁই ছুঁই

**কীর্তনখোলা ডেস্ক**
দেশে হামের প্রাদুর্ভাব কমছেই না। প্রতিদিনই আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা বাড়ছে। গত ২৪ ঘণ্টায়ও সারাদেশে হামের উপসর্গ নিয়ে ছয় শিশুর মৃত্যু হয়েছে। এসময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১২৩১ শিশু। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। এতে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৬ শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৮৮০ শিশুর। আর হামে আক্রান্ত হয়ে প্রাণ ২ এর পাতায় দেখুন

## বরিশালে হামে আক্রান্ত হয়ে দুই শিশুর মৃত্যু

**কীর্তনখোলা রিপোর্ট**
বরিশালে হামে আক্রান্ত হয়ে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নুসাইফা (১৫ মাস) ও রাইয়ান (১ বছর) নামের দুই শিশুর মৃত্যু হয়েছে। বর্তমানে বরিশালের বিভিন্ন হাসপাতালে ১০৩ জন শিশু হামে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছে। এ নিয়ে চলতি মৌসুমে বরিশাল বিভাগের ৬ জেলার বিভিন্ন হাসপাতালে হামে আক্রান্ত হয়ে ৫৬ জন শিশুর মৃত্যু হয়েছে। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য কার্যালয়ের তথ্যমতে, চলতি বছরের শুরু থেকে বিভাগের বিভিন্ন জেলা ও উপজেলার হাসপাতালে ১৬ হাজার ২ এর পাতায় দেখুন



## কাবা শরিফের সামনে দাঁড়িয়ে রাজনীতি ছাড়ার ঘোষণা বিএনপি কর্মীর

**আগৈলঝাড়া প্রতিনিধি**
সৌদি আরবে পবিত্র কাবা শরিফের সামনে দাঁড়িয়ে বিএনপির রাজনীতি ছাড়ার ঘোষণা দিয়েছেন দলটির এক সক্রিয় কর্মী। মো. সাদ্দাম হাওলাদার নামের ওই ব্যক্তি বর্তমানে জিয়া সাইবার ফোর্সের বরিশালের আগৈলঝাড়া উপজেলা শাখার সহ-সভাপতি। একই সঙ্গে বিএনপির সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সাংগঠনিক পদ ও রাজনৈতিক কর্মকাণ্ড থেকেও সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন ২ এর পাতায় দেখুন

### ফরম পূরণ শুরু ১৬ নভেম্বর
## এসএসসির টেস্ট পরীক্ষার তারিখ ঘোষণা

**কীর্তনখোলা ডেস্ক**
২০২৭ সালের এসএসসি পরীক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষার (টেস্ট) তারিখ ঘোষণা করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। একই সঙ্গে এসএসসি পরীক্ষার ফরম পূরণ শুরুর তারিখও জানানো হয়েছে। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) বিকেলে বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিষয়টি অতীব জরুরি বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সব প্রতিষ্ঠানপ্রধান ও সংশ্লিষ্ট সবাইকে জানানো যাচ্ছে যে, ২০২৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষা আগামী ১৫ অক্টোবর থেকে ১৫ নভেম্বরের মধ্যে সম্পন্ন করে ফলাফল প্রকাশ করতে হবে। এতে আরও বলা হয়, এসএসসি পরীক্ষার ফরম পূরণ আগামী ১৬ নভেম্বর থেকে শুরু হবে। ফরম পূরণের সময়-সূচিসহ পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি যথাসময়ে ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। শিক্ষাবোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সব সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের অধ্যক্ষ ও প্রধান শিক্ষকের কাছে বিজ্ঞপ্তির ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

| | | | |
|---|---|---|---|
| বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219 | ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963 | অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515 | অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514 |
| খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767 | নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720 | রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945 | মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268 |
| অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049 | নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663 | হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658 | আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083 |




## ডেঙ্গু আক্রান্তে এগিয়ে পুরুষ বেশি মৃত্যু নারীদের

**কীর্তনখোলা ডেস্ক**
দেশে দিন যত যাচ্ছে, ততই বাড়ছে ডেঙ্গুর প্রকোপ। চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন ৩২ হাজার ২৪৮ জন। তাদের মধ্যে ১৯ হাজার ৮০৯ জন পুরুষ এবং ১২ হাজার ২৪২ জন নারী। অন্যদিকে, ডেঙ্গুতে মারা যাওয়া ৮৮ জনের মধ্যে ৫১ জন নারী ও ৩৭ জন পুরুষ। অর্থাৎ আক্রান্তের সংখ্যায় নারীদের তুলনায় পুরুষেরা প্রায় ২২ শতাংশ এগিয়ে থাকলেও মৃত্যুর ক্ষেত্রে পুরুষের তুলনায় নারীদের হার প্রায় ১৭ শতাংশ বেশি। স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনের তথ্য বিশ্লেষণে দেখা যায়, আক্রান্ত ও মৃত্যুর ক্ষেত্রে বয়সের একটি নির্দিষ্ট প্রবণতাও রয়েছে। আক্রান্ত রোগীদের প্রায় ৬০ শতাংশের বয়স ১৬ থেকে ৪০ বছরের মধ্যে। এ বয়সের আক্রান্তদের মধ্যে ৬৩ শতাংশ পুরুষ ও ৩৭ শতাংশ নারী। অন্যদিকে, একই বয়সসীমায় মৃত্যুর ক্ষেত্রে নারীদের অংশ ৬০ শতাংশ এবং পুরুষের ৪০ শতাংশ। অর্থাৎ ডেঙ্গুতে আক্রান্ত ও মৃত্যুর বিচারে ১৬ থেকে ৪০ বছর বয়সীরা সবচেয়ে বেশি ঝুঁকিতে ২ এর পাতায় দেখুন

## বরিশাল জেলায় ১২ হাজার কিমি সড়কে পাকা মাত্র সাড়ে ৩ হাজার

**কীর্তনখোলা রিপোর্ট**
বরিশাল জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়নে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে বরাদ্দের ঘাটতি। জেলায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) অধীনে থাকা মোট সড়কের বড় একটি অংশ এখনো কাঁচা। ফলে বর্ষা মৌসুমে কাদা মাড়িয়ে চলতে গিয়ে চরম ভোগান্তিতে পড়ছেন জেলার কয়েক লাখ মানুষ। বরিশাল এলজিইডি কার্যালয় সূত্রে জানা গেছে, জেলায় স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীনে মোট ১২ হাজার কিলোমিটার সড়ক নির্মাণের লক্ষ্যমাত্রা রয়েছে। তবে এখন পর্যন্ত ইটের কার্পেটিং বা এইচবিবি (ঐইই) সম্পন্ন হয়েছে মাত্র ৩ হাজার ৬০০ কিলোমিটার সড়কের। অর্থাৎ উন্নয়নের লক্ষ্যমাত্রা থেকে এখনো ৮ হাজার ৪০০ কিলোমিটার সড়ক পিছিয়ে আছে। ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

**প্রতিনিধি আবশ্যক**

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## অর্থনীতির চাকাকে সচল রাখতে হবে

বিদ্যমান জ্বালানি সংকট কেবল জনজীবনকেই বিপর্যস্ত করছে না; দেশের ছোট, মাঝারি, বড়-সব শিল্পেই অর্থাৎ প্রায় পুরো শিল্প খাতেই এর প্রভাব পড়ছে। ফলে এ সংকট দেশের সামগ্রিক অর্থনীতির জন্য বড় ধরনের ঝুঁকি সৃষ্টি করছে। এর সঙ্গে যুক্ত হয়েছে ভারত থেকে বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠান আদানি গ্রুপের খামখেয়ালি আচরণ, যা পরিস্থিতিকে আরও ঘোলাটে করে তুলেছে। প্রকাশিত এ সংক্রান্ত দুটি ভিন্ন প্রতিবেদনের তথ্যগুলো দেশের অর্থনীতির জন্য এক অশনিসংকেত। মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) আয়োজিত এক গোলটেবিল বৈঠকে জ্বালানি সংকটের যে চিত্র উঠে এসেছে, তা অত্যন্ত উদ্বেগজনক। গ্যাস ও বিদ্যুতের অভাবে সারা দেশের শিল্পকারখানাগুলোতে প্রতিদিন প্রায় ২ হাজার ৩৮৭ কোটি টাকার উৎপাদন ব্যাহত হচ্ছে। উৎপাদন খাতের প্রবৃদ্ধি ৩.৭১ শতাংশ থেকে কমে ২.৮৬ শতাংশে নেমে এসেছে। নতুন গ্যাস সংযোগের অভাবে প্রায় ৩৫ হাজার কোটি টাকার বিনিয়োগ আটকে আছে। নরসিংদী, গাজীপুর, নারায়ণগঞ্জসহ দেশের প্রধান শিল্পাঞ্চলগুলোতে শত শত কারখানা বন্ধ হয়ে গেছে অথবা সক্ষমতার অর্ধেকেরও কম উৎপাদনে চলছে। আমাদের জ্বালানি আমদানিনির্ভরতা গত ৪ বছরে ৪৭.৭ শতাংশ থেকে বেড়ে ৬২.৫ শতাংশে দাঁড়িয়েছে, যার ফলে আন্তর্জাতিক বাজারের যে কোনো অস্থিরতা সরাসরি আমাদের অর্থনীতিতে বড় ধরনের প্রভাব ফেলে। শিল্প খাতের এই ত্রাহি অবস্থার মধ্যেই 'মড়ার উপর খাঁড়ার ঘা' হয়ে দাঁড়িয়েছে ভারতের আদানি গ্রুপের বিদ্যুৎ সরবরাহ হ্রাস পাওয়া। তীব্র গরমে যখন দেশে বিদ্যুতের চাহিদা ব্যাপক, তখন গত ২৩ দিন ধরে আদানি গ্রুপ তাদের উৎপাদনক্ষমতার প্রায় অর্ধেক বিদ্যুৎ সরবরাহ করছে। ১ হাজার ৬০০ মেগাওয়াটের কেন্দ্র থেকে যেখানে ১ হাজার ৪০০ মেগাওয়াটের বেশি বিদ্যুৎ পাওয়ার কথা, সেখানে মিলছে মাত্র ৭৯০ থেকে ৯১৫ মেগাওয়াট। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) বারবার চিঠি দিলেও কয়লা ভিজে যাওয়া বা রেললাইন নষ্ট হওয়ার যুক্তি দেখানো হচ্ছে। এই বহুমুখী সংকট থেকে উত্তরণে এখন আর জোড়াতালি দেওয়া পদক্ষেপে কাজ হবে না। প্রথমত, শিল্প খাতকে বাঁচাতে হলে জ্বালানি সরবরাহে অগ্রাধিকার দিতে হবে। দেশের অর্থনীতির স্বার্থে প্রয়োজনে লোড ব্যবস্থাপনায় পরিবর্তন এনে কারখানাগুলোকে উৎপাদনের সুযোগ দিতে হবে। দ্বিতীয়ত, দীর্ঘমেয়াদি ও পূর্বানুমানযোগ্য একটি জ্বালানি নীতি প্রণয়ন করতে হবে। তৃতীয়ত, জ্বালানি খাতে আমদানিনির্ভরতা কমিয়ে দেশীয় গ্যাস অনুসন্ধান ও নবায়নযোগ্য জ্বালানির ওপর সর্বোচ্চ জোর দিতে হবে। চতুর্থত, বিদেশি প্রতিষ্ঠানের সঙ্গে করা অসম ও বিতর্কিত চুক্তিগুলো আইনি কাঠামোর মধ্যে পুনর্মূল্যায়ন করার সময় এসেছে। দেশের মানুষের করের টাকায় নিয়মিত বিল পরিশোধ করে আমরা কোনো বিদেশি কোম্পানির খামখেয়ালিপনার শিকার হতে পারি না। জাতীয় স্বার্থ রক্ষা, বিনিয়োগ সুরক্ষা এবং অর্থনীতির চাকাকে সচল রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবিলম্বে স্বচ্ছ ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। নয়তো উৎপাদন, কর্মসংস্থান ও বিনিয়োগ-সবকিছুই এক গভীর অনিশ্চয়তার মুখে পড়বে, যার মাশুল দিতে হবে পুরো জাতিকে।

## আধুনিক, স্বনির্ভর ও গণতান্ত্রিক

সিটি কর্পোরেশনের প্রশাসক এ্যাড.বিলকিস আক্তার জাহান শিরীন, জেলা পরিষদের প্রশাসক আকন কুদ্দুসুর রহমান, বরিশাল মহানগর বিএনপির সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদার জিয়া প্রমুখ। এসময় একটি আধুনিক, স্বনির্ভর, গণতান্ত্রিক দেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করেন নেতা কর্মীরা। পরে নগরীতে বর্ণাঢ্য র‍্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। অপরদিকে, প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে নগরীর অশ্বিনীকুমার হল প্রাঙ্গণে পৃথকভাবে সংক্ষিপ্ত সমাবেশ করে বরিশাল জেলা বিএনপি। জেলা বিএনপির আহ্বায়ক ও সংসদ সদস্য আবুল হোসেন খানের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথির বক্তব্য দেন, কেন্দ্রীয় বিএনপির বরিশাল বিভাগের সাংগঠনিক সম্পাদক এ্যাড.বিলকিস আক্তার জাহান শিরীন। বিশেষ অতিথির বক্তব্য দেন, জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড.আবুল কালাম শাহিন। এ সময় জেলা বিএনপির অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। সমাবেশ শেষে একটি র‍্যালি বের হয়ে নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। সকাল থেকে নেতাকর্মীরা বিভিন্ন ব্যানার, প্লাকার্ড, ফেস্টুন, ঢোল ও বাঁশি নিয়ে র‍্যালিতে অংশ নেয়।

## প্রধানমন্ত্রীর ভারত সফর

স্বার্থ ও উপযুক্ত কূটনৈতিক পরিবেশ তৈরি হলেই এই দ্বিপক্ষীয় সফর অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে হুমায়ুন কবির এসব কথা বলেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, 'এখনো কোনো তারিখ নির্ধারণ হয়নি। তবে উপযুক্ত সময়ে সফরটি অবশ্যই হবে। সফরের সময়সূচি নির্ধারণে বাংলাদেশ ও ভারতের দুই প্রধানমন্ত্রীর কর্মসূচি, পারস্পরিক সম্মান এবং উভয় দেশের জাতীয় স্বার্থ বিবেচনায় নেওয়া হবে।' জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) অধিবেশনের আগে সফর হতে পারে কি না–এমন প্রশ্নের জবাবে হুমায়ুন কবির বলেন, 'এ বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি।' ঢাকা ও নয়াদিল্লির মধ্যে সফর নিয়ে আলোচনা বন্ধ হয়ে গেছে–এমন ধারণাও নাকচ করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। তিনি বলেন, 'তারিখ নির্ধারণ না হওয়ার অর্থ এই নয় যে, আলোচনা বন্ধ ছিল। আমরা কোনো তারিখ ঠিক করিনি, কিন্তু আলোচনা চলমান ছিল।' পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির বলেন, 'গত ৫ আগস্ট দিল্লি থেকে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার সংবাদমাধ্যমে বক্তব্য বাংলাদেশের মানুষের অনুভূতিতে আঘাত করেছে। এ বিষয়ে ঢাকা স্পষ্টভাবে ভারতের কাছে নিজেদের অবস্থান জানিয়েছে।' তিনি আরও বলেন, 'এখন আমাদের আলোচনা আবার চলছে। উপযুক্ত সময় ও অনুকূল পরিবেশ তৈরি হলে প্রধানমন্ত্রী অবশ্যই ভারত সফর করবেন।' ৫ আগস্টের ঘটনার পর বাংলাদেশের পক্ষ থেকে বলা হয়েছিল, দিল্লিতে বসে শেখ হাসিনার এমন কর্মকাণ্ড দ্বিপক্ষীয় সম্পর্ক স্বাভাবিক করা পথে বাধা হতে পারে। অন্যদিকে ভারত জানায়, অনুষ্ঠানটি একটি বেসরকারি গণমাধ্যম আয়োজন করেছিল এবং এতে ভারত সরকারের কোনো সম্পৃক্ততা ছিল না।

## এমপিওভুক্ত শিক্ষকরা নতুন

পাবেন বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহ্ছানুল হক মিলন। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) বিকেল পৌনে ৫টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ তথ্য জানান। পোস্টে তিনি লিখেছেন, 'এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদেরও নতুন বেতন কাঠামোতে বেতন দেওয়া হবে।' এর আগে সোমবার বিকেলে 'জাতীয় বেতন স্কেল ২০২৬' অনুমোদন দেয় সরকারের মন্ত্রিসভা। মন্ত্রিসভার বৈঠকের পর সন্ধ্যায় এ নিয়ে ব্রিফিং করেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি। সেখানে তাকে প্রশ্ন করা হয়েছিল যে, এমপিওভুক্ত শিক্ষক ও কর্মচারীরা নতুন পে-স্কেলে অন্তর্ভুক্ত হবেন কি না। জবাবে মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি বলেন, 'এ বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি।' এ নিয়ে তাৎক্ষণিক ক্ষোভ জানায় দেশের প্রায় সোয়া ছয় লাখ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের সংগঠন এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণপ্রত্যাশী জোট। সংগঠনের পক্ষ থেকে পে-স্কেলে এমপিওভুক্ত শিক্ষক ও কর্মচারীদের অন্তর্ভুক্ত করে প্রজ্ঞাপন জারির দাবি জানানো হয়। জোটের সদস্যসচিব অধ্যক্ষ দেলাওয়ার হোসেন আজিজী এক বিবৃতিতে উল্লেখ করেন, দেশের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা জাতীয় বেতন স্কেল অনুযায়ী বেতন-ভাতা পেয়ে থাকেন। আশা করি, সরকার বিষয়টি সদয় বিবেচনায় নিয়ে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য নবম পে-স্কেলের প্রজ্ঞাপন জারির পরপরই এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদেরও নবম পে-স্কেলের অন্তর্ভুক্ত করে পৃথক প্রজ্ঞাপন জারি করবে। জানা যায়, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা প্রতি মাসে সরকার থেকে বেতনের মূল অংশ এবং কিছু ভাতা পান। বর্তমানে দেশের বিভিন্ন প্রান্তে সোয়া ৬ লাখের বেশি শিক্ষক-কর্মচারী এমপিওভুক্ত রয়েছেন। বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) তথ্যমতে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অধীনে ৩ লাখ ৯৮ হাজার, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের অধীনে প্রায় পৌনে ২ লাখ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ২৩ হাজারের বেশি শিক্ষক-কর্মচারী এমপিওভুক্ত রয়েছেন। এদিকে, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা এতদিন সরকারের কাছ থেকে মাসে মূল বেতন, ১ হাজার টাকা বাড়িভাড়া ও ৫০০ টাকা চিকিৎসা ভাতা পেয়ে আসছিলেন। সম্প্রতি আন্দোলনের মুখে সরকার এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়িভাড়া ভাতা মূল বেতনের ১৫ শতাংশ করার সিদ্ধান্ত নিয়েছে। বাড়িভাড়া ভাতার এ অর্থ দুই ধাপে দেওয়া হয়েছে। প্রথম ধাপে ১৫ শতাংশের মধ্যে সাড়ে ৭ শতাংশ (ন্যূনতম ২ হাজার টাকা) ২০২৫ সালের ১ নভেম্বর থেকে কার্যকর হয়েছে। বাকি সাড়ে ৭ শতাংশ চলতি বছরের ১ জুলাই থেকে কার্যকর করা হয়েছে।

## মবের অপসংস্কৃতি শক্তভাবে

মঙ্গলবার সকালে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সিলেট সেক্টর সদর দপ্তরে 'সীমান্ত স্কুল অব সার্ভেইল্যান্স অ্যান্ড ড্রোন ওয়ারফেয়ার (ঝঝঝউড)'-এর উদ্বোধন শেষে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। নামফলক উন্মোচনের মাধ্যমে বিশেষায়িত প্রশিক্ষণ কেন্দ্রটির উদ্বোধন করেন স্বরাষ্ট্রমন্ত্রী। মাদক মামলার প্রসিকিউশন ও আইনশৃঙ্খলা বিঘ্নকারীদের বিষয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে সালাহউদ্দিন আহমদ বলেন, 'মবের কথা যা বললেন, সেটা সাধারণ আইনের মধ্যেই আছে। তার জন্য আলাদা কোনো আইন প্রয়োজন নেই। আমরা খুব সজাগ আছি, সচেতন আছি। বাংলাদেশে মবের যে অপসংস্কৃতি সৃষ্টি হয়েছিল, সেটাকে আমরা শক্তভাবে মোকাবিলা করব ইনশা আল্লাহ।' স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনকে যুগোপযোগী করা হয়েছে। জেলা পর্যায়ে ল্যাব, হাজতখানা, ডগ স্কোয়াড ও আধুনিক অস্ত্রের মাধ্যমে বাহিনীর কার্যকারিতা বহুগুণ বাড়ানো হচ্ছে।

## গণতন্ত্রের মাধ্যমেই দেশের

সংগ্রামের পর দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলনে বিএনপির অসংখ্য নেতাকর্মী গুম ও হত্যার শিকার হয়েছেন এবং প্রায় ৪০ লাখ নেতাকর্মীর বিরুদ্ধে মিথ্যা মামলা দেওয়া হয়েছে। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ইন্টার-পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) সেক্রেটারি আন্দা ফিলিপ। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাৎ স্বাধীন এ তথ্য জানান। এ সময় তাদের মধ্যে গণতন্ত্র, সংসদীয় কার্যক্রম ও দেশের উন্নয়ন নিয়ে আলোচনা হয়। সাক্ষাতে প্রধানমন্ত্রীর নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন আন্দা ফিলিপ। তিনি বলেন, প্রধানমন্ত্রীর নিয়মিত জাতীয় সংসদ অধিবেশনে অংশগ্রহণ সংসদীয় গণতন্ত্রের প্রতি তার দৃঢ়? অঙ্গীকারের শক্তিশালী বার্তা বহন করে। প্রধানমন্ত্রী বলেন, 'গণতন্ত্রের জন্য আমরা দীর্ঘদিন ধরে সংগ্রাম করেছি। অবশেষে গত ১২ ফেব্রুয়ারির নির্বাচনের মধ্যদিয়ে দেশে গণতান্ত্রিক ধারা সুগম করতে পেরেছি।' তারেক রহমান বলেন, বিএনপি শুধু বহুদলীয় গণতন্ত্র ফিরিয়ে আনেনি, সংসদীয় গণতন্ত্রও এ দলের হাত ধরে এসেছে। সামনে কিছু চ্যালেঞ্জ থাকলেও সরকার গণতন্ত্রের প্রতি দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। গণতন্ত্র নিয়ে মানুষের প্রত্যাশা অনেক। একটি কার্যকর ও শক্তিশালী গণতান্ত্রিক ব্যবস্থার মাধ্যমেই দেশের টেকসই অগ্রগতি ও উন্নয়ন নিশ্চিত করা সম্ভব। তিনি বলেন, আমাদের সরকার প্রতিটি নাগরিকের সাংবিধানিক অধিকার রক্ষা এবং জনগণের প্রয়োজনীয় সেবা নিশ্চিত করতে কাজ করছে। এদিকে, আইপিইউ সেক্রেটারি আন্দা ফিলিপ জানান, তিনি বিএনপির নির্বাচনি ইশতেহার পড়েছেন। ইশতেহারে শিক্ষাখাতে নেওয়া বিভিন্ন উদ্যোগ ও কমিউনিটিভিত্তিক কর্মসূচির প্রশংসা করেন। বাংলাদেশের সংসদীয় গণতন্ত্রের অগ্রযাত্রার প্রশংসা করে আন্দা ফিলিপ বলেন, এ ধারা অব্যাহত থাকলে জনগণের মধ্যে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও গণতান্ত্রিক ব্যবস্থার প্রতি আস্থা আরও শক্তিশালী হবে। গণতন্ত্র আরও কার্যকর ও টেকসই করতে নাগরিক সচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন আইপিইউ সেক্রেটারি। সাক্ষাতে নারীর ক্ষমতায়নের বিষয়টিও গুরুত্ব পায়। তরুণ ও নারী সংসদ সদস্যদের সঙ্গে বৈঠকের অভিজ্ঞতা তুলে ধরে আন্দা ফিলিপ বলেন, তারা অত্যন্ত উদ্যমী ও আগ্রহী। প্রধানমন্ত্রী বলেন, নারীর ক্ষমতায়ন তার সরকারের অন্যতম অগ্রাধিকার। নারীদের জন্য অনার্স পর্যায় পর্যন্ত বিনামূল্যে শিক্ষা এবং নারী শিক্ষার্থীর জন্য উপবৃত্তি চালুর পরিকল্পনার কথাও জানান তিনি। তিনি বলেন, ফ্যামিলি কার্ড প্রকল্পের অন্যতম প্রধান উদ্দেশ্য হলো নারীদের আর্থিকভাবে স্বাবলম্বী করা এবং পরিবারে সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ বৃদ্ধি করা। সাক্ষাৎকালে পররাষ্ট্র প্রতিমন্ত্রী-১ হুমায়ুন কবির এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী-২ শামা ওবায়েদ উপস্থিত ছিলেন।

## বরিশাল জেলায় ১২ হাজার কিমি

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সকালে নিজ কার্যালয়ে এসব তথ্য জানান বরিশাল এলজিইডির নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ আল ইমরান। তিনি বলেন, 'ইউনিয়ন থেকে উপজেলা পর্যন্ত সংযোগ সড়কগুলোর বড় একটি অংশ এখনো কাঁচা বা আংশিক পাকা অবস্থায় রয়েছে। ১২ হাজার কিলোমিটারের মধ্যে মাত্র ৩ হাজার ৬০০ কিলোমিটারে কাজ হয়েছে। বাকি বিশাল অংশের উন্নয়ন করা জরুরি।' প্রকৌশলী আল ইমরান আরও জানান, বর্ষা মৌসুমে কাঁচা সড়কগুলো চলাচলের একেবারেই অনুপযোগী হয়ে পড়ে। এতে কৃষিপণ্য পরিবহন ব্যাহত হওয়ার পাশাপাশি স্কুল-কলেজমুখী শিক্ষার্থী ও রোগীদের হাসপাতালে নিতে চরম ভোগান্তি পোহাতে হয়। পর্যায়ক্রমে বরাদ্দ পাওয়া সাপেক্ষে বাকি সড়কগুলোর কাজ শেষ করা হবে বলে তিনি আশা প্রকাশ করেন। এদিকে গ্রামীণ সড়কের এমন বেহাল দশায় ক্ষোভ জানিয়েছেন বিভিন্ন উপজেলার বাসিন্দারা। তাদের দাবি, দ্রুত বরাদ্দ বাড়িয়ে বাকি সড়কগুলোর কাজ শেষ করা হোক। এতে যোগাযোগ ব্যবস্থার উন্নতির পাশাপাশি গ্রামীণ অর্থনীতিও চাঙা হবে। এলজিইডি সূত্র জানায়, আগামী অর্থবছরের জন্য অগ্রাধিকার ভিত্তিতে কিছু গুরুত্বপূর্ণ সড়ক চিহ্নিত করে নতুন প্রকল্প প্রস্তাব ঢাকায় পাঠানো হয়েছে। এসব প্রকল্পের মধ্যে নতুন সড়ক নির্মাণের পাশাপাশি বেশ কিছু কালভার্ট ও সেতুও রয়েছে। নতুন বাজেটে বরাদ্দ বাড়লে এসব কাজ শুরু করা সম্ভব হবে।

## ভিমরুলের কামড়ে আহত

পরে উন্নত চিকিৎসার জন্য বরিশাল এবং সেখান থেকে ঢাকায় পাঠানো হয়। জানা গেছে, সদর উপজেলা দক্ষিণ বরগুনা (খাড়াকান্দা) এলাকার বাসিন্দা বেলালের একটি নারিকেল গাছ থেকে ডাব চুরির জন্য ওঠেন দবির। গাছে উঠে করাত দিয়ে কিছু ডাব কেটে মাটিতেও ফেলেন তিনি। পরে হঠাৎ গাছে থাকা একটি ভিমরুলের বাসায় আঘাত পড়তেই দবিরকে কামড়াতে শুরু করে ভিমরুল। এ সময় তিনি গাছ থেকে মাটিতে পড়ে গিয়ে কোমর ও হাতে আঘাত পেয়ে গুরুতর আহত অবস্থায় গাছের নিচে পড়ে থাকেন। এরপর সকালে দবির ওই বাড়ির বাসিন্দাদেরকে উদ্ধার করতে ডাকাডাকি করলে বিষয়টি পুলিশকে জানান তারা। পরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে গুরুতর আহত চোরকে উদ্ধার করে চিকিৎসার জন্য জেনারেল হাসপাতালে পাঠান। বাড়ির মালিক বেলাল হোসেন বলেন, সকালে ঘুম থেকে ওঠার পর সে আমাদের ডেকে বলেন, ভাই আমাকে উদ্ধার করেন। আমি গাছের নিচে পড়ে আছি। পরে দেখি ডাবসহ ওই চোর গাছের নিচে পড়ে আছে। এরপর পুলিশে খবর দিলে তারা এসে তাকে উদ্ধার করেছেন। স্থানীয়রা জানান, দবির পেশাগতভাবে এসব চুরি কাজে জড়িত ছিলেন।

## হাম ও হামের উপসর্গে

হারিয়েছে আরও ৯৯ শিশু। অর্থাৎ, এসময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে মোট ৯৭৯ শিশু মারা গেছে। ২৪ ঘণ্টায় ৭২ জন শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ১ হাজার ১৫৯ জন। এসময়ে ১০৭৪ শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ১০৫৪ শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, ১৫ মার্চ থেকে ১ সেপ্টেম্বর পর্যন্ত দেশে মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১ লাখ ৫৯ হাজার ১৫০ জন, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১9 হাজার ৩৮৪। এসময়ে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ১ লাখ ৩৯ হাজার ৫১৯ রোগী, যাদের মধ্যে ১ লাখ ৩৪ হাজার ৪৫৮ জন ছাড়পত্র পেয়ে বাড়ি ফিরেছে।

## কাবা শরিফের সামনে দাঁড়িয়ে রাজনীতি

তিনি। সোমবার নিজের ফেসবুক আইডি থেকে কাবা শরিফকে সাক্ষী রেখে রাজনীতি ছাড়ার ঘোষণার একটি ভিডিও পোস্ট করেন সাদ্দাম। পরে ভিডিওটির মন্তব্যের ঘরে দীর্ঘ একটি স্ট্যাটাসও দেন তিনি। এরপর বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। স্ট্যাটাসে সাদ্দাম হাওলাদার জানান, তাঁর বাবা, চাচাসহ পরিবারের প্রায় ৯০ শতাংশ সদস্য দীর্ঘদিন ধরে বিএনপির সঙ্গে সম্পৃক্ত। তিনিও দীর্ঘদিন ধরে দলটির রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। বর্তমানে তিনি সৌদি আরবে প্রবাসী হিসেবে কর্মরত। সাদ্দাম লেখেন, বাংলাদেশের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে তাঁর পক্ষে রাজনীতি করা সম্ভব নয়। বিএনপির প্রতি তাঁর কোনো অভিযোগ নেই বলেও উল্লেখ করেন তিনি। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শে অনুপ্রাণিত এবং খালেদা জিয়া, তারেক রহমান ও বিএনপির প্রতি ভালোবাসা রয়েছে বলেও স্ট্যাটাসে জানান। তিনি আরও লেখেন, 'আমি কোনো বড় রাজনীতিবিদ বা ত্যাগী নেতা-কর্মী নই।' এরপর সম্মানের সঙ্গে বাংলাদেশের রাজনীতি থেকে নিজেকে সরিয়ে নেওয়া এবং পদত্যাগের ঘোষণা দেন। কাবা শরিফের সামনে দাঁড়িয়ে তিনি বলেন, রাজনীতি তাঁর আবেগ ও মনের খোরাক ছিল। জনগণের সেবা করার প্রত্যাশা থাকলেও রাজনীতির মাধ্যমে তা সম্ভব হয়নি। তবে রাজনীতির বাইরে মানবসেবায় নিজেকে নিয়োজিত রাখার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। সাদ্দামের এই সিদ্ধান্তের পেছনে কোনো বিরোধ বা অন্য কোনো কারণ রয়েছে কি না, তা জানতে তাঁর সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও সৌদি আরবে অবস্থান করায় তাঁর বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। এ বিষয়ে আগৈলঝাড়া উপজেলা বিএনপির সদস্যসচিব মোল্লা বশির আহমেদ পান্না বলেন, 'বিষয়টি আমার জানা নেই। সাদ্দাম হাওলাদার কর্মসূত্রে দীর্ঘদিন ধরে সৌদি আরবে রয়েছেন। কারও সঙ্গে কোনো বিরোধ বা ক্ষোভ থেকে তিনি এ সিদ্ধান্ত নিয়েছেন কি না, তা খতিয়ে দেখা হবে।' সদস্যসচিব আরও বলেন, 'সাদ্দাম লিখিতভাবে কোনো পদত্যাগপত্র না দিয়ে ফেসবুকে ভিডিও দিয়ে কেন এ ধরনের ঘোষণা দিয়েছেন, সেটিও খোঁজ নিয়ে দেখা হবে।'

## এসএসসির টেস্ট পরীক্ষার

অনুলিপি পাঠানো হবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়। জানা গেছে, ২০২৭ সালের এসএসসি পরীক্ষা ৭ জানুয়ারি শুরুর ঘোষণা দিয়েছিল শিক্ষা মন্ত্রণালয় ও বোর্ডগুলো। তবে রোজা ও ঈদের ছুটির কারণে তা পিছিয়ে মার্চে নেওয়া হয়েছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী ২০২৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষা ১৪ মার্চ থেকে শুরু হবে।

## বরিশালে হামে আক্রান্ত

৫০৬ জন শিশু হামে আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে। এদের মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছে ১৫ হাজার ৬৭৬ জন শিশু। এখনো বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে ৪০৬ জন শিশু। এছাড়া বরিশালের বিভিন্ন হাসপাতালে সরকারি হিসাবে চিকিৎসাধীন অবস্থায় ৫৬ জন শিশুর মৃত্যু হয়েছে। তবে বেসরকারি হিসাবে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা আরও বেশি বলে মনে করছেন চিকিৎসা বিশেষজ্ঞরা। চিকিৎসকরা জানান, হাম রোগে আক্রান্তদের চিকিৎসায় যাতে কোনো ঘাটতি না থাকে, সেদিকে কঠোর নজরদারি রয়েছে। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালসহ বিভিন্ন জেলা ও উপজেলায় হামের টিকা কার্যক্রম অব্যাহত আছে। এ বিষয়ে বরিশাল সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার মলয় কৃষ্ণ বড়াল আমার দেশ-কে জানান, প্রতিনিয়ত এ হাসপাতালে হামে আক্রান্ত শিশু ভর্তি হচ্ছে। টিকা কার্যক্রম শুরু করার পর থেকে আক্রান্ত রোগীর সংখ্যা কিছুটা কমছে। খুব শিগগিরই হয়তো হামের প্রাদুর্ভাব আরও কমতে পারে বলে জানান তিনি।

## ডেঙ্গু আক্রান্তে এগিয়ে পুরুষ

রয়েছেন। তবে, আক্রান্তের ক্ষেত্রে পুরুষের সংখ্যা বেশি হলেও মৃত্যুর ক্ষেত্রে এই বয়সী নারীদের হার বেশি। নারীদের মৃত্যুর হার বেশি হওয়া প্রসঙ্গে বাংলাদেশ শিশু হাসপাতালের পরিচালক অধ্যাপক ডা. মির্জা জিয়াউল ইসলাম বলেন, 'ডেঙ্গুতে মৃত্যুর একটি প্রধান কারণ হচ্ছে স্থূলতা। মানুষের ওজন যত বেশি, ডেঙ্গুর তীব্রতা তার ক্ষেত্রে তত বেশি হতে পারে। বাংলাদেশের নারীদের একটি বয়সের পর শরীরে স্থূলতা ও ওজন বৃদ্ধি পেতে দেখা যায়। ফলে তাদের ডেঙ্গুর তীব্রতা বৃদ্ধির ঝুঁকি থাকে, যা পরবর্তীতে মৃত্যুর আশঙ্কা বাড়িয়ে দেয়।' মেডিসিন বিশেষজ্ঞ ডা. এ বি এম আবদুল্লাহ বলেন, "আমাদের দেশের নারীদের মধ্যে রোগের লক্ষণ চেপে রাখার একটি প্রবণতা রয়েছে। প্রাথমিক অবস্থায় তারা বিষয়টিকে গুরুত্ব দিতে চান না। ফলে চিকিৎসায় দেরি হওয়ায় 'ডেঙ্গু শক সিন্ড্রোম' ও 'এক্সপ্যান্ডেড ডেঙ্গু সিন্ড্রোমে' আক্রান্ত হয়ে মৃত্যুহার বাড়ছে। ডেঙ্গু থেকে উত্তরণের জন্য যত দ্রুত রোগ শনাক্ত করা যাবে, ততই মৃত্যু কমানো সম্ভব।" বিভাগভিত্তিক হিসাবে ডেঙ্গুর প্রকোপে ঢাকা বিভাগ শীর্ষে রয়েছে। চলতি বছর এ বিভাগে ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন ১২ হাজার ৭৪৫ জন, যা মোট আক্রান্তের প্রায় ৪০ শতাংশ। মৃত্যুর হিসাবেও ঢাকা বিভাগ এগিয়ে, মোট মৃত্যুর ৫১ শতাংশ (৪৫ জন)। এর মধ্যে ৬০ শতাংশ ঘটেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকায়। বাকি ৪০ শতাংশ মৃত্যু হয়েছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, ঢাকা জেলা এবং এ বিভাগের অন্যান্য জেলায়। আক্রান্তের দিক থেকে ঢাকা বিভাগের পর দ্বিতীয় অবস্থানে রয়েছে বরিশাল বিভাগ। চলতি বছর এ বিভাগের ছয় জেলায় ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন ৫ হাজার ৩৮৬ জন। এরপর চট্টগ্রাম বিভাগে ৫ হাজার ৬ জন, খুলনায় ৪ হাজার ৭৮০, ময়মনসিংহে ১ হাজার ৬৬৮, রাজশাহীতে ১ হাজার ৬৬৮, রংপুরে ৮৩৬ এবং সিলেট বিভাগে সবচেয়ে কম ১৫৯ জন আক্রান্ত হয়েছেন। মৃত্যুর দিক থেকে দ্বিতীয় অবস্থানে রয়েছে খুলনা বিভাগ। এ বিভাগে মারা গেছেন ১৬ জন। এ ছাড়া বরিশাল ও ময়মনসিংহ বিভাগে আটজন করে, রাজশাহীতে চারজন এবং রংপুর ও সিলেট বিভাগে একজন করে মারা গেছেন। চলতি মাসে ডেঙ্গু পরিস্থিতির চরম অবনতির চিত্র পাওয়া যায় আক্রান্তের পরিসংখ্যান থেকে। জুলাই মাসে দেশজুড়ে ডেঙ্গুতে আক্রান্ত হয়েছিলেন ৯ হাজার ২০৬ জন। অথচ আগস্টের প্রথম ২৭ দিনেই আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১৬ হাজার ৯৩৮ জনে। অর্থাৎ গত মাসের তুলনায় চলতি মাসে আক্রান্তের সংখ্যা বেড়েছে প্রায় ৮০ শতাংশ। তবে, আক্রান্তের হার বাড়লেও মৃত্যুর সংখ্যায় কিছুটা স্বস্তি রয়েছে। জুলাই মাসে ডেঙ্গুতে মারা গিয়েছিলেন ৩৬ জন, আর আগস্টের প্রথম ২৭ দিনে মারা গেছেন ৩৪ জন। এতে স্পষ্ট যে সংক্রমণ বাড়লেও তা মৃত্যুর পরিসংখ্যানে একই মাত্রায় প্রতিফলিত হয়নি। এদিকে, গত বছরের জানুয়ারি থেকে ২৭ আগস্ট পর্যন্ত সারাদেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়েছিলেন ২৯ হাজার ৯৪৪ জন এবং মারা গিয়েছিলেন ১১৮ জন। চলতি বছরের একই সময়ে আক্রান্তের সংখ্যা ২ হাজার ৩০৪ জন বেড়ে ৩২ হাজার ২৪৮ জনে দাঁড়ালেও মৃত্যুর সংখ্যা উল্টো কমে ৮৮ জনে নেমে এসেছে।

## সম্পদের তথ্য প্রকাশ না করলে নতুন বেতনকাঠামো কার্যকর না করার আহ্বান টিআইবির

**কীর্তনখোলা ডেস্ক**

সরকারি কর্মজীবীদের জন্য নতুন জাতীয় বেতনকাঠামো মন্ত্রিসভার অনুমোদন করাকে একটি ইতিবাচক পদক্ষেপ হিসেবে দেখছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। তবে এই নতুন বেতন-ভাতাকাঠামো বাস্তবায়নের পূর্বশর্ত হিসেবে সরকারি কর্মজীবী ও পরিবারের নির্ভরশীল সদস্যদের আয়-ব্যয়ের হিসাব বাৎসরিক ভিত্তিতে হালনাগাদ করা ও তা প্রকাশের বাধ্যবাধকতা নিশ্চিত করার আহ্বান জানিয়েছে সংস্থাটি। মঙ্গলবার এক লিখিত বিবৃতির মাধ্যমে এই আহ্বান জানিয়েছে টিআইবি। টিআইবির বিবৃতিতে বলা হয়েছে, বাজেটে নতুন বেতনকাঠামো ঘোষণার পর, বাস্তবায়নের পূর্বশর্ত হিসেবে সরকারি কর্মজীবীদের সম্পদবিবরণী প্রকাশের বাধ্যবাধকতা নিশ্চিত করতে হবে। টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, 'আর্থিক সক্ষমতার কঠিন সীমাবদ্ধতা সত্ত্বেও তিনটি ধাপে সরকারি কর্মজীবীদের নতুন পে স্কেল বাস্তবায়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যা খুবই যৌক্তিক। জীবনযাত্রার ব্যয়ের সঙ্গে সরকারি কর্মজীবীদের বেতন-ভাতা সামঞ্জস্যপূর্ণ না হলে, তাদের কাছ থেকে সর্বোচ্চ পেশাগত উৎকর্ষ ও দুর্নীতিমুক্ত সেবা প্রত্যাশা করা অসম্ভব।' ইফতেখারুজ্জামান আরও বলেন, 'জনগণের করের টাকায় তাদের এই বেতন-ভাতা বৃদ্ধির কাঙ্ক্ষিত সুফল পেতে হলে, সব পর্যায়ের সরকারি কর্মজীবী ও তাদের পরিবারের নির্ভরশীল সদস্যদের আয় ও সম্পদের হিসাব বাৎসরিক ভিত্তিতে হালনাগাদ করাসহ প্রকাশের বাধ্যবাধকতা বাস্তবায়ন করতে হবে।' সরকারি কর্মজীবীদের মধ্যে যাঁরা তাঁদের আয়-ব্যয় ও সম্পদবিবরণী প্রতিবছর প্রকাশ করবেন, তাঁদের জন্যই নতুন বেতন কাঠামো কার্যকর হওয়া উচিত জানিয়ে ইফতেখারুজ্জামান বলেন, 'যাঁরা নিজেদের সম্পদ বিবরণী প্রকাশ করবেন না, তাঁদের জন্য নতুন "পে স্কেল" প্রযোজ্য হওয়া অনুচিত। এই শর্ত বাস্তবায়িত হলে সরকারি খাতে দুর্নীতি ও হয়রানিমুক্ত সেবার পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা সহজ হবে বলে মনে করি।' ড. ইফতেখারুজ্জামান বলেন, 'মনে রাখতে হবে, অনেক সরকারি কর্মজীবী আছেন, যাঁরা অনিয়ম ও দুর্নীতির ঊর্ধ্বে থেকে পেশাগত দায়িত্ব পালন ও সৎভাবে জীবন-যাপন করেন। তাঁদের জন?্য এই নতুন বেতনস্কেল সম্পূর্ণ ন্যায়সংগত ও অপরিহার্য। অন্যদিকে যাঁরা অসৎভাবে অনিয়ম ও দুর্নীতিসহ ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে অবৈধ অর্থ-সম্পদ অর্জনে লিপ্ত, তাঁদের জন্য এই সুবিধা যেমন অযৌক্তিক, তেমনই সম্পূর্ণ নিষ্প্রয়োজন।' নতুন বেতনকাঠামো সরকারি কর্মজীবীদের আর্থিক নিরাপত্তা ও কর্মোদ্দীপনা বাড়ানোর পাশাপাশি, দক্ষ, গতিশীল ও জনবান্ধব জনপ্রশাসন গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে মর্মে সরকার প্রত্যাশার কথা উল্লেখ করে ড. ইফতেখারুজ্জামান বলেন, সর্বশেষ ২০১৫ সালে বাস্তবায়িত অষ্টম পে স্কেলের ক্ষেত্রে অনেকের মধ্যে একই আশাবাদ ছিল, কিন্তু বাস্তবতা হয়েছে সম্পূর্ণ বিপরীত। বিবৃতিতে বলা হয়, এর আগেও বেতন-ভাতা বৃদ্ধির বিপরীতে সরকারি প্রতিষ্ঠানে অনিয়ম, দুর্নীতি ও ঘুষের ব্যাপকতা ও গভীরতা বেড়েছে অধিকতর হারে। এবার অন্তত তার ব্যতিক্রম হবে–এই বিশ্বাস করতে চাই। এ ক্ষেত্রে সরকারি খাতে দুর্নীতি নিয়ন্ত্রণে বৈশ্বিক চর্চায় পরীক্ষিত পদ্ধতি হিসেবে সম্পদবিবরণী প্রকাশের বাধ্যবাধকতা নিশ্চিত করা না হলে, সরকারি খাতে দুর্নীতির দুষ্টচক্র থেকে জনগণের পরিত্রাণের উপায় নেই। অথচ দুর্নীতির ভুক্তভোগী জনগণের অর্থেই সরকারি কর্মজীবীদের বেতন-ভাতাসহ সব ব্যয় বহন করা হয়। সর্বোপরি, সরকারি কর্মজীবীদের বেতন-ভাতা বৃদ্ধির ফলে নিত্যপণ্যের দাম বৃদ্ধিসহ মূল্যস্ফীতি ঘটার সমূহ সম্ভাবনা রয়েছে। যা ইতিমধ্যে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে দিশেহারা স্বল্প আয়ের কর্মজীবী নারী-পুরুষসহ সাধারণ জনগণের দুর্দশা আরও বাড়ার কারণ হিসেবে আবির্ভূত হওয়ার আশঙ্কা রয়েছে। এ ক্ষেত্রে করণীয় নির্ধারণসহ বেতন-ভাতা বাস্তবায়নের উল্লিখিত শর্ত বাস্তবায়নে সরকারের দূরদর্শিতা প্রত্যাশা করছে টিআইবি।

## গাজায় হামাসের জ্যেষ্ঠ সদস্য আটকের দাবি ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রীর

**কীর্তনখোলা ডেস্ক**

গাজা সিটিতে সামরিক অভিযান চালানোর সময় হামাসের এক জ্যেষ্ঠ সদস্যকে আটক করা হয়েছে বলে দাবি করেছেন ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাটজ। মঙ্গলবার আল জাজিরার প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়, মন্ত্রী কাটজ আটক ব্যক্তির পরিচয় বা তাকে কীভাবে আটক করা হয়েছে সে বিষয়ে বিস্তারিত জানাননি। তবে টাইমস অব ইসরায়েলে উদ্ধৃত এক ইসরায়েলি নিরাপত্তা সূত্রের দাবি, ওই ব্যক্তি হামাসের অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থার প্রধান। এদিকে গাজা থেকে পাওয়া তথ্যের সঙ্গে ইসরায়েলি দাবির ভিন্নতা দেখা গেছে। গাজায় একটি সূত্র এএফপিকে জানিয়েছে, হামাসের একজন গুরুত্বপূর্ণ নেতাকে আটক করতে পরিচালিত ইসরায়েলি বিশেষ অভিযান ব্যর্থ হয়েছে। পরে ইসরায়েলি বাহিনীর বিশেষ কমান্ডোরা ইসরায়েলি বিমান সহায়তার মধ্যে মোটরসাইকেলে করে এলাকা ছেড়ে যায় বলে দাবি করা হয়েছে। হামাসের গাজা মিডিয়া অফিসের প্রধান ইসমাইল আল-থাওয়াবতা দাবি করেছেন, অভিযানের সময় ইসরায়েলি কমান্ডোরা শনাক্ত হয়ে যায়। এদিকে মঙ্গলবার সকাল থেকে গাজা সিটিতে ইসরায়েলি হামলায় অন্তত চার ফিলিস্তিনি নিহত হয়েছেন বলে জানা গেছে। নিহতদের মধ্যে দুই শিশু ও এক নারী রয়েছেন। .

## ছাত্রদলের দুই পক্ষের হাতাহাতি

মহানগর ছাত্রদলের সদস্য সচিব নাভিদ রহমান খান তুষার বলেন, আমরা যখন সরোয়ার ভাইকে বিদায় জানাচ্ছিলাম তখন সিনিয়র-জুনিয়র বিষয়কে কেন্দ্র করে পিচ্চি ছেলেদের মধ্যে ঝামেলা হয়েছে। পূর্বের কোন বিরোধকে কেন্দ্র করে মারামারি বা ঝামেলা হলে তার দায় দল বা সংগঠন নেবে না। আমরা খোঁজখবর নিচ্ছি কাদের মধ্যে ঝামেলা হয়েছে।

## ছাদভিত্তিক সৌরবিদ্যুতে বিশেষ প্রণোদনা

শতাংশ প্রিমিয়াম যুক্ত করে প্রতি ইউনিট বিদ্যুতের মূল্য ১০ টাকা ৫০ পয়সা নির্ধারণ করা হয়েছে। কোনো গ্রাহক নির্ধারিত ব্যয়ের চেয়ে কম খরচে এ ধরনের সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন করতে সক্ষম হলে সাশ্রয়কৃত অর্থ তার লভ্যাংশ হিসেবে বিবেচিত হবে। 'নেট মিটারিং নির্দেশিকা, ২০২৫' অনুযায়ী, যেসব গ্রাহক আগামী বছরের ২৮ ফেব্রুয়ারির মধ্যে ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন করবেন এবং নিজস্ব ব্যবহারের পর উদ্বৃত্ত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করবেন, তারা পরবর্তী তিন বছর, অর্থাৎ ২০৩০ সালের ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত জাতীয় গ্রিডে সরবরাহ করা প্রতি ইউনিট বিদ্যুতের জন্য ১০ টাকা ৫০ পয়সা হারে মূল্য পাবেন বলেও জানিয়েছে বিদ্যুৎ বিভাগ। বিদ্যুৎ বিতরণ সংস্থাগুলো গ্রাহকদের তথ্য সংরক্ষণ, জাতীয় গ্রিডে সরবরাহ করা বিদ্যুতের পরিমাণ নিরূপণ এবং প্রণোদনাসহ বিদ্যুতের মূল্য-সংক্রান্ত তথ্য সংরক্ষণ করবে। প্রণোদনার অর্থ গ্রাহকদের ব্যাংক বা মোবাইল ব্যাংকিং হিসাবে পাঠানো হবে। কোনোভাবেই তা নগদে দেওয়া যাবে না। আগামী বছরের ২৮ ফেব্রুয়ারির পর স্থাপিত সিস্টেমের ক্ষেত্রে এ প্রণোদনা প্রযোজ্য হবে না। সৌরভিত্তিক সিস্টেম স্থাপনে ব্যবহৃত সোলার প্যানেল, ব্যাটারি, ইনভার্টার, মিটারসহ সংশ্লিষ্ট যন্ত্রপাতি বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) নির্ধারিত কারিগরি মানদণ্ড অনুযায়ী হতে হবে। সংবাদ বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়েছে, এ সংক্রান্ত নীতিগত সহায়তা দিতে বিদ্যুৎ বিভাগ ইতোমধ্যে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার স্থাপন করেছে। সেখান থেকে গ্রাহকরা প্রয়োজনীয় সহায়তা পাবেন। একই সঙ্গে বিদ্যুৎ বিতরণ সংস্থাগুলোর আওতাধীন সব জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয় থেকেও এ বিষয়ে সহায়তা দেওয়া হবে। জারি করা প্রজ্ঞাপন অনুযায়ী, মঙ্গলবার থেকেই বিশেষ প্রণোদনা প্যাকেজটি কার্যকর হয়েছে।

## বিএনপি জনগণের অধিকার

কল্যাণে দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছে। দলের প্রতিষ্ঠা বার্ষিকীর এই দিনে শহীদ রাস্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শকে ধারন করে দেশের মাণুষের কল্যাণে সবাইকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে। সংক্ষিপ্ত বক্তব্যে তিনি আরো বলেন, দলের নেতাকর্মীদের মধ্যে ঐক্য,শৃঙ্খলা ও পারস্পরিক সৌহার্দ বজায় রেখে জনগণের আস্থা অর্জনের মাধ্যমে বিএনপিকে আরও শক্তিশালী করতে হবে। আলোচনা সভায় উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. মনির হোসেন আকনের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন,উপজেলা বিএনপির যুগ্ম সাধারন সম্পাদক মো. দেলোয়ার হোসেন বিপ্লব,সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আজাদ মলাত জোমাদ্দার,পৌর বিএনপির আহবায়ক আব্দুল মান্নান হাওলাদার,সদস্য সচিব মো. মাসুদ রানা পলাশ,সাবেক উপজেলা চেয়ারম্যান আতিকুল ইসলাম উজ্জল তালুকদার,উপজেলা বিএনপির সাবেক যুগ্ম আহবায়ক সিকদার জাকির হোসেন বাচ্চু প্রমূখ। পরে বিভিন্ন সময়ে নিহত শহিদদের রুহের মাগফিরাত কামনা এবং আহতদের দ্রুত সুস্থ্যতা কামনা করে দোয়া মোনাজাত পরিচালনা করেন মাওলানা মো. দেলোয়ার হোসেন। দোয়ায় উপজেলা ও ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী উপস্থিত ছিলেন। এদিকে দোয়া মোনাজাত শেষে প্রধান অতিথি স্থানীয় লঞ্চঘাট এলাকায় পোনা নদীতে মাছের পোনা অবমুক্ত করেন। এর পূর্বে তিনি স্থানীয় বন্দর সরকারি বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে গাছের চারা রোপন করেন। অন্যদিকে বর্তমান সরকারের গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রি আহম্মেদ সোহেল মনজুর সুমন কে ভাণ্ডারিয়া মজিদা বেগম মহিলা বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষক,কর্মচারী ও শিক্ষার্থীদের পক্ষ থেকে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

## ছারছীনা মাদরাসার পাশে সন্ধ্যা নদীতে

বরিশাল বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদ স্যার মঙ্গলবার দুপুরের দিকে নেছেরাবাদ উপজেলা ভূমি অফিস পরিদর্শনে আসেন। তবে এখান থেকে বরিশাল ফেরার পথে ছারছীনা দরবার শরীফ সংলগ্ন সন্ধ্যা নদীতে বিপুল পরিমাণ ময়লা আবর্জনা ও প্লাস্টিকের বোতল ভাষতে দেখে ক্ষুব্ধ হন। এ সময় তিনি সন্ধ্যা নদীতে ফেলে রাখা এসব ময়লা আবর্জনা ও প্লাস্টিকের বোতলসহ অন্যান্য বর্জ্য পরিষ্কার করার নির্দেশ দেন। বিভাগীয় কমিশনার স্যারের নির্দেশ মোতাবেক ১ ঘণ্টার মধ্যেই মাদ্রাসার ছাত্র ও শিক্ষকসহ অনন্যাদের সহায়তায় মাছ ধরার জাল দিয়ে এসব ময়লা আবর্জনা নদী থেকে অপসারণ করা হয়। সহকারী কমিশনার(ভূমি) রায়হান মাহমুদ আরো বলেন, নেছারাবাদ ছারছীনা দরবার শরীফের ময়লা আবর্জনাগুলো নির্ধারিত ডাস্টবিনে ফেলার কথা ছিলো। কিন্তু তারা এসব ময়লা আবর্জনা ও প্লাস্টিকের বোতলগুলো নদীতে ফেলে নদী দূষণ করেছেন। ভবিষ্যতে এ ধরনের কাজ করবেন না বলে ছারছীনা দরবার শরীফ কর্তৃপক্ষ মৌখিকভাবে জানিয়েছেন। এ বিষয়ে ছারছীনা আলিয়া মাদ্রাসার ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. নজরুল ইসলাম বলেন, আমরা প্রতিদিনই ক্যাম্পাসের ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন করে থাকি। তবে মঙ্গলবার বৃষ্টির কারণে নদীর তীরে স্তূপ করা ময়লা আবর্জনা ও প্লাস্টিকের বোতল পুড়িয়ে ফেলা সম্ভব হয়নি। কোন কারণে সেগুলো নদীর মধ্যে গিয়ে পরেছে। ভবিষ্যতে এ ধরনের কোন ঘটনা ঘটবে না বলে আমরা উপজেলা প্রশাসনকে আশ্বস্ত করেছি। এ বিষয়ে বরিশাল বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদ বলেন, মঙ্গলবার দুপুরে তিনি নেছারাবাদ এসিল্যান্ড অফিস পরিদর্শন করতে গিয়েছিলেন। পরে সেখান থেকে আসার পথে দেখলাম ছারছীনা মাজারের সামনে মাদ্রাসা সংলগ্ন সন্ধ্যা নদীতে হাজার হাজার প্লাস্টিক বোতলসহ অনেক আবর্জনা ভাসিয়ে দেয়া হয়েছে। এতে নদী দুষনসহ পরিবেশ দূষণ হচ্ছে। তাৎক্ষণিক বিষটি এসিল্যান্ডকে জানিয়ে নদী পরিষ্কারের নির্দেশ দিয়েছি। তবে নির্দেশের পরপরই উপজেলা প্রশাসন দরবার শরীফের ছাত্র শিক্ষকদের সহায়তায় এসব ময়লা আবর্জনা ও প্লাস্টিকের বোতল অপসারণ করেছেন। তিনি বলেন, যেহেতু ছারছীনা দরবার শরীফের মাহফিলে লক্ষাধিক ধর্মপ্রাণ মুসল্লিদের সমাগম, হয়। সেক্ষেত্রে পরিবেশ দূষণ এড়াতে এ নিয়ে আগামী সপ্তাহে মাদ্রাসার সকল ছাত্রদের নিয়ে পরিবেশ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে একটি সেমিনার করা হবে। আমরা নিজেরা পরিষ্কার থাকলে চলবে না। সকলকে নিয়েই পরিবেশ সুন্দর রাখতে হবে । এ বিষয়ে জেলা উপজেলা প্রশাসনের সচেতনতা প্রয়োজন বলেও মন্তব্য করেন তিনি।

## বদলি হওয়ায় রাতের আঁধারে সরকারি পুকুর

সৃষ্টি হয় এবং তারা বিক্ষোভ প্রকাশ করেন। স্থানীয়রা জানান, নেছারাবাদ উপজেলার জলাবাড়ি ইউনিয়ন ভূমি অফিস সহকারী কর্মকর্তা আল আমিন সদ্য একই উপজেলার গুয়ারেখা ইউনিয়নে বদলির আদেশ পেয়েছেন। এ খবর জানার পর ভূমি অফিস সংলগ্ন সরকারি পুকুরে প্রচুর মাছ থাকায় তিনি রাত আড়াইটার দিকে স্থানীয় কয়েকজন জেলে ও বাসিন্দাদের নিয়ে মাছ ধরে ভাগ-বাটোয়ারা করেন বলে জানিয়েছেন স্থানীয়রা। স্থানীয় বাসিন্দা শামসুল ইসলাম খান বলেন, 'জলাবাড়ি ইউনিয়ন ভূমি অফিসের সরকারি মালিকানাধীন পুকুরের মাছ তহশিলদার আল আমিন রাতের আঁধারে জেলেদের পারিশ্রমিক হিসেবে ৫০০০ টাকা মাছ ধরার চুক্তি করা হয়। সরকারের পুকুরের মাছ খেতে বাধা নেই কিন্তু রাতের আঁধারে মাছ ধরে নেওয়া চুরির শামিল। সরকারি মাছ ধরতে কিছু প্রক্রিয়া আছে সেটা মানা হয়নি।' স্থানীয় ব্যবসায়ী ও জেলে খোকন দাস বলেন, 'তহশিলদার আল আমিন স্যার আমাকে বলেছেন, পাঁচ হাজার টাকা দেব পুকুরের মাছ ধরে দিলে। আমি তার কথামতো সাতজন লোক ঠিক করে আড়াই বস্তা মাছ ধরে দিয়েছি। কিন্তু মাছ ধরার পরে আলামিন স্যার দুটি ছোট মাছ দিয়ে আমাকে পাঠিয়ে দিয়েছে। মজুরির টাকা এখনো হাতে পাইনি।' জলাবাড়ি ৪নং ওয়ার্ডের গ্রাম চৌকিদার বিধান কুমার বলেন, 'আমি রাতে মাছ ধরার খবর শুনে ভূমি অফিসে গিয়ে দেখি মাছ ভাগ-বাটোয়ারা হয়ে গেছে। সকালে ইউএনও স্যারকে ফোন দেই, তিনি ফোন রিসিভ করেননি। পরে এ্যাসিল্যান্ড স্যারকে ফোন দেই। তিনি আমাকে বলেছেন, রাতে মাছ ধরার বিধান নেই বলে ফোনটি কেটে দেন। রাতের আঁধারে এভাবে সরকারি পুকুরের মাছ ধরা ঠিক হয়নি।' এ ব্যাপারে বক্তব্য নেওয়ার জন্য জলাবাড়ি ইউনিয়ন ভূমি অফিস সহকারী কর্মকর্তা আল আমিনের মোবাইল ফোনে একাধিকবার ফোন দিলেও তিনি কোনো সাড়া দেননি। জলাবাড়ি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মেহেদী সরোয়ার বলেন, এভাবে একজন সরকারি কর্মকর্তা রাতের আঁধারে মাছ ধরে নেওয়া এক ধরনের চুরির শামিল। শুনেছি তিনি নাকি পার্শ্ববর্তী ইউনিয়নে বদলি হয়েছেন, তাই মাছ ধরে নিয়ে গিয়েছেন। পূর্বেও তিনি এ ধরনের কাজ করেছেন। এছাড়াও তিনি সরকারি জায়গায় কচু চাষ করে বিক্রি করেছেন বলে অভিযোগ রয়েছে। তার এ ধরনের কর্মকাণ্ডের জবাবদিহিতা নিশ্চিত করা প্রয়োজন। নেছারাবাদ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. রায়হান মাহামুদ বলেন, জলাবাড়ি ইউনিয়ন ভূমি অফিসের নিজস্ব পুকুরে মাছ ধরার বিষয়টি আমি শুনেছি। তবে রাতের আঁধারে মাছ ধরাটা তার ঠিক হয়নি। এখানে যদি কোনো অসঙ্গতি থেকে থাকে অবশ্যই আমি বিষয়টি খোঁজ নিয়ে দেখব।

## হরমুজ প্রণালিতে সৌদি

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) রয়টার্স জানায়, স্থানীয় সময় সোমবার গভীর রাতে মাত্র কয়েক মিনিটের ব্যবধানে পৃথকভাবে এই হামলা হয়। মেরিস্কস জানিয়েছে, ওমানের জলসীমার করিডরে প্রায় একই সময়ে দুটি হামলার ঘটনা ওই অঞ্চলের নিরাপত্তা পরিস্থিতির আরও অবনতি নির্দেশ করছে। কেপলারের তথ্য অনুযায়ী, হামলার শিকার দুই ট্যাংকারই গত সপ্তাহে সৌদি আরবের জুয়াইমাহ টার্মিনাল থেকে ২০ লাখ ব্যারেল করে সৌদি অপরিশোধিত তেল বোঝাই করেছিল। আগস্টে সৌদি আরবের রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকো হরমুজ প্রণালির ভেতর থেকে আবারও তেল লোড ও বিক্রি শুরু করে। হামলার প্রথম ঘটনায় সৌদি পতাকাবাহী ভেরি লার্জ ক্রুড ক্যারিয়ার (ভিএলসিসি) 'সিদর' ওমানের খাসাব বন্দরের প্রায় ১৬ দশমিক ৬ নটিক্যাল মাইল উত্তর-পূর্বে অজ্ঞাতনামা প্রজেক্টাইলের আঘাতে ক্ষতিগ্রস্ত হয়। এর কয়েক মিনিট পর লাইবেরিয়ার পতাকাবাহী 'সেনেগাল প্রসপারিটি' নামের আরেকটি ভিএলসিসি খাসাবের প্রায় ১৭ নটিক্যাল মাইল পূর্বে তিনটি অজ্ঞাত প্রজেক্টাইলের আঘাতের শিকার হয়। জাহাজটির সব নাবিক নিরাপদে রয়েছেন বলে জানানো হয়েছে। যুক্তরাজ্যের মেরিটাইম ট্রেড অপারেশনসও একই এলাকায় হরমুজ প্রণালি থেকে বের হওয়ার সময় একটি ট্যাংকারে তিনটি প্রজেক্টাইল আঘাত হানার খবর জানিয়েছে। হরমুজ প্রণালির নিরাপত্তা নিয়ে দীর্ঘদিন ধরেই উত্তেজনা বিরাজ করছে। কাতার, ওমানসহ মধ্যস্থতাকারীদের উদ্যোগে প্রণালিটি পুনরায় স্বাভাবিকভাবে খুলে দেওয়ার চেষ্টা হলেও এখন পর্যন্ত তা সফল হয়নি। হামলার পর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের বিরুদ্ধে আরও হামলার হুমকি দিলে আন্তর্জাতিক বাজারে তেলের দামও বেড়ে যায়।

## ইরানের ওপর কঠোর আঘাত

এদিকে, ইরানের অর্থনীতি আরও দুর্বল করার জন্য চাপ অব্যাহত রাখার কথা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের অর্থমন্ত্রী স্কট বেসেন্ট। ইরানের বিরুদ্ধে মার্কিন ও ইসরায়েলি বাহিনীর যুদ্ধ শুরুর ছয় মাস পেরিয়েছে। দুই পক্ষের মধ্যে অচলাবস্থা এখনো কাটেনি। কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি বন্ধ রেখেছে ইরান। অন্যদিকে, যুক্তরাষ্ট্র ইরানের বন্দরগুলো ঘিরে পাল্টা অবরোধ চালিয়ে যাচ্ছে। রোববার (৩০ আগস্ট) ইরানের লারাক দ্বীপে হামলা চালায় মার্কিন বাহিনী। জবাবে মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক স্থাপনায় হামলা চালায় তেহরান। পাল্টাপাল্টি হামলায় নতুন করে বড় ধরনের সংঘাত শুরু হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে কঠোর জবাব দেওয়ার হুমকি দিলেন ট্রাম্প। ফক্স নিউজের এক প্রতিবেদকের সঙ্গে সংক্ষিপ্ত আলাপে ট্রাম্প বলেন, আমরা তাদের (ইরান) ওপর কঠোর আঘাত হানবো। দেশটিকে জবাব দেওয়া হবে। যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে জানানো হয়েছে, হরমুজ প্রণালিতে ইরান যাতে আর মাইন পেতে রাখতে না পারে, সেজন্যই লারাক দ্বীপে ইরানের রকেট উৎক্ষেপণব্যবস্থায় হামলা চালানো হয়েছে। জবাবে জর্ডান ও সংযুক্ত আরব আমিরাতে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে ইরান। তেহরান বলেছে, এসব হামলার লক্ষ্য ছিল, সেখানে অবস্থানরত মার্কিন বাহিনী। তবে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান সোমবার (৩১ আগস্ট) দিনের শেষে উত্তেজনা প্রশমনে আলোচনার আহ্বান জানিয়েছেন। মধ্য এশিয়ার দেশ কিরগিজস্তানে এক সম্মেলনে অংশ নিয়ে তিনি বলেন, আমরা সমঝোতা ও পারস্পরিক বোঝাপড়ার পথ খুঁজছি। যুদ্ধ চালিয়ে যাওয়া ইরান কিংবা এ অঞ্চলের কারও স্বার্থ নয়। ইরানের প্রেসিডেন্টের ভাষ্যমতে, বিদ্যমান সমস্যা সমাধানের উপায় হলো সংলাপ ও সহযোগিতা।

## নেছারাবাদে ২২০ কেজি

ভরতকাঠি খেয়াঘাট থেকে ২২০ কেজি হরিণের মাংসসহ দুজনকে আটক করা হয়েছে। তাঁদের বিরুদ্ধে থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে। স্থানীয় সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে বরগুনার পাথরঘাটা এলাকা থেকে বিভিন্ন নৌপথে নেছারাবাদে অবৈধভাবে হরিণের মাংস আনার অভিযোগ রয়েছে। স্থানীয়দের দাবি, কাঠ ও গোলপাতাবাহী ট্রলারসহ মাছ ধরার ট্রলারেও এসব মাংস পরিবহন করা হয়। পরে নেছারাবাদের বিভিন্ন স্থানে থাকা কথিত চোরাকারবারিদের কাছে এসব মাংস পৌঁছে দেওয়া হয়। স্থানীয়দের অভিযোগ, প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিভিন্ন সময়ের অভিযানে হরিণের মাংস বিক্রির সঙ্গে জড়িত কয়েকজনকে আটক করা হলেও পুরোপুরি বন্ধ হয়নি এই অবৈধ বাণিজ্য। তাঁদের আরও অভিযোগ, চোরাই পথে আনা এসব মাংস দীর্ঘ সময় সংরক্ষণ করায় কখনো কখনো পচা অবস্থায় বাজারজাত করা হয়। এমনকি হরিণের মাংসের সঙ্গে শিয়ালের মাংস মিশিয়ে গোপনে বিক্রির অভিযোগও রয়েছে। নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান বলেন, এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে। মামলা রুজু হলে আসামিদের পিরোজপুর আদালতে পাঠানো হবে। এদিকে অভিযানে জব্দ করা ২২০ কেজি মাংসের পরবর্তী ব্যবস্থা কী হবে, সে বিষয়ে পুলিশ তাৎক্ষণিকভাবে কোনো তথ্য জানায়নি। বন্য প্রাণী সংরক্ষণে আইন থাকা সত্ত্বেও নৌপথে হরিণের মাংসের অবৈধ পরিবহন ও বেচাকেনার অভিযোগে উদ্বেগ প্রকাশ করেছেন স্থানীয়রা। তাঁরা এ চক্রের মূল হোতাদের শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন।

## আগৈলঝাড়ায় বিএনপির ৪৮তম

উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সদস্য সচিব মোল্লা বশির আহম্মেদ পান্না, যুগ্ম আহবায়ক সোরায়ার হোসেন মিয়া, আবুল হোসেন মোল্লা, শামছুল হক খোকন, খন্দকার মোহম্মাদ আলী, উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক হাবিবুর রহমান মুন্সিসহ উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। সভায় বক্তারা বিএনপির প্রতিষ্ঠার ইতিহাস, বাংলাদেশের রাজনীতিতে দলটির ভূমিকা, গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা, জাতীয় ঐক্য এবং দেশের উন্নয়নে বিএনপির বিভিন্ন কর্মকান্ড নিয়ে আলোচনা করেন। একই সঙ্গে দেশের গণতান্ত্রিক ধারাকে এগিয়ে নিতে নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তারা। উল্লেখ্য, ১৯৭৮ সালের ১ সেপ্টেম্বর তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমান বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠার পর থেকে দলটি বাংলাদেশের রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিভিন্ন সময়ে সরকার গঠন করেছে দলটি এবং দেশের অন্যতম বৃহৎ রাজনৈতিক দলে পরিণত হয়েছে।

## লালমোহনে বিপুল

পৌরসভা বাজারসংলগ্ন এলাকায় এ অভিযান চালানো হয়। মঙ্গলবার সকালে বিষয়টি নিশ্চিত করেন কোস্ট গার্ড দক্ষিণ জোনের (ভোলা) মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সালমান বিন শওকত। কোস্ট গার্ড সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড আউটপোস্ট লালমোহনের সদস্যরা ওই এলাকায় বিশেষ অভিযান চালান। এ সময় পাঁচটি গোডাউনে তল্লাশি চালিয়ে ৫ হাজার ৫০০ কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ করা হয়। অভিযানের সময় গোডাউন মালিকেরা কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যান। লেফটেন্যান্ট কমান্ডার সালমান বিন শওকত বলেন, জব্দ করা পলিথিন পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়ার জন্য ভোলা জেলা পরিবেশ অধিদপ্তরের কাছে হস্তান্তর করা হয়েছে। পরিবেশ রক্ষায় কোস্ট গার্ডের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। ভোলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. তোতা মিয়া বলেন, 'লালমোহনে বিপুল পরিমাণ নিষিদ্ধ পলিথিন জব্দের বিষয়টি কোস্ট গার্ড আমাদের জানিয়েছে। জব্দ করা পলিথিনগুলো এনে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।'



বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ২৮নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর হুমায়ূন কবিরের উদ্যোগে র‍্যালি -কীর্তনখোলা



বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ২৪নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ফিরোজ আহমেদের উদ্যোগে র‍্যালি -কীর্তনখোলা

## বরগুনায় দায়িত্ব পালনকালে

কার্যালয় থেকে প্রকাশিত এক শোকবার্তায় জানানো হয়, মঙ্গলবার (১ সেপ্টেম্বর) তারিখের এম.সি. নং-২০৫৯/২৬-এর ভিত্তিতে বেলাল হোসেনকে বরগুনা পুলিশ লাইন্স কম্পাউন্ডের ১ নম্বর ও ২ নম্বর গেটে পাহারার দায়িত্বে নিয়োজিত করা হয়। দায়িত্ব পালনরত অবস্থায় সকাল আনুমানিক ৭টা ৫ মিনিটে তিনি অসুস্থ হয়ে পড়েন। বিষয়টি পুলিশ সদস্যরা ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানালে তাকে প্রথমে পুলিশ হাসপাতালের মাধ্যমে চিকিৎসা দেওয়া হয়। পরে উন্নত চিকিৎসার জন্য বরগুনা ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়া হয়। কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে সকাল মৃত্যু হয়েছে বলে ঘোষণা করেন। তিনি স্ত্রী, দুই ছেলে ও এক মেয়েসহ অসংখ্য আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। পুলিশ সুপার মো. কুদরত-ই-খুদা স্বাক্ষরিত শোকবার্তায় দায়িত্ব পালনকালে বেলাল হোসেনের মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা জানানো হয়। একই সঙ্গে তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা প্রকাশ করা হয়েছে।

## চরফ্যাশনে বিএনপির ৪৮তম

পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটি শুভ সূচনা হয়। দলীয় অফিস প্রাঙ্গনে দলীয় পতাকা উত্তোলনে অংশ নেন বিভিন্ন অঙ্গ-সংগঠনের নেতৃবৃন্দ। এরা হলেন, উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মোতাহার হোসেন আলমগীর মালতিয়া, সাবেক সহ সভাপতি হেলাল উদ্দিন টিপু, সাবেক সহ সভাপতি কয়ছর আহমেদ কমল, বিএনপি'র নেতা ও জিন্নাগড় ইউপি সাবেক চেয়ারম্যান কাজী মনজুর হোসেন, উপজেলা যুবদল সাবেক সভাপতি আশ্রাফুর রহমান দিপু ফরাজী,সাবেক যুবদল সেক্রেটারি শহিদুল ইসলাম দুলাল, যুবনেতা ও সাবেক কাউন্সিলর জাহিদুল ইসলাম রাসেল প্রমুখ। উপজেলা বিএনপি ও এর অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ বেলা ১১টায় চরফ্যাশন সদরের প্রধান প্রধান সড়কে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করে। র‍্যালিতে উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড থেকে আসা নেতাকর্মী ব্যানার, ফেস্টুন এবং প্লাকার্ড হাতে অংশ নেন। র‍্যালি শেষে স্থানীয় দলীয় কার্যালয়ের সামনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় স্থানীয় নেতৃবৃন্দ দলের প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং সদ্য প্রয়াত সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার অবদানকে শ্রদ্ধার সাথে স্মরণ করেন। বক্তারা বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে দলের চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহবান জানান।

## পটুয়াখালীতে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীতে

গলাচিপায় দলটির বর্তমান উপজেলা কমিটি এবং সাবেক নেতাদের অনুসারীরা পৃথক কর্মসূচির আয়োজন করেন। কর্মসূচি ঘিরে সোমবার (৩১ আগস্ট) থেকেই দুই পক্ষের মধ্যে উত্তেজনা চলছিল।মঙ্গলবার সকালে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সামনে দুই পক্ষের নেতা-কর্মীদের মধ্যে কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে হাতাহাতি হয়। পরে উভয় পক্ষ পৃথক মিছিল বের করলে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। মিছিল দুটি পৌর শহরের কালীবাড়ি ও বটতলা এলাকায় পৌঁছালে দুই পক্ষের মধ্যে ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে। এসময় স্থানীয় ব্যবসায়ী ও পথচারীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে ঘটনাস্থলে অবস্থান নেয় পুলিশ। এ বিষয়ে পটুয়াখালীর অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ ও প্রশাসন) মো. সাজেদুল ইসলাম বলেন, প্রতিষ্ঠাবার্ষিকীকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে অল্প কিছু হাতাহাতির ঘটনা ঘটেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সকাল থেকেই পুলিশ ঘটনাস্থলে ছিল। বর্তমান পরিস্থিতি স্বাভাবিক আছে।

## বরগুনায় বিএনপির ৪৮তম

র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বরগুনা প্রেসক্লাব চত্বরে গিয়ে শেষ হয়। দলীয় পতাকা, ব্যানার ও ফেস্টুন নিয়ে নেতাকর্মীরা র‍্যালিতে অংশ নেন। এ সময় বিভিন্ন স্লোগানে মুখরিত হয়ে ওঠে শহরের প্রধান প্রধান সড়ক। র‍্যালি শেষে সকাল ১১টায় বরগুনা প্রেসক্লাব চত্বরে জেলা বিএনপির উদ্যোগে বিশাল গণজমায়েত ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা বিএনপির আহ্বায়ক ও জেলা পরিষদ প্রশাসক মো. নজরুল ইসলাম মোল্লা। আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মো. ফজলুল হক মাস্টার, সদস্য সচিব এস এম হুমায়ুন হাসান শাহীন, পাবলিক প্রসিকিউটর মো. নুরুল আমিন, জেলা যুবদলের সভাপতি মো. জাহিদ হোসেন মোল্লা, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক নুরুল ইসলাম রনি। এ ছাড়া বিভিন্ন উপজেলা থেকে আগত বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। সভাপতির বক্তব্যে জেলা বিএনপির আহ্বায়ক মো. নজরুল ইসলাম মোল্লা বলেন, বিএনপি এ দেশের মানুষের অধিকার ও গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য দীর্ঘদিন ধরে আন্দোলন-সংগ্রাম করে আসছে। প্রতিষ্ঠাবার্ষিকীর এই দিনে দলের নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে জনগণের পাশে থাকার শপথ নিতে হবে। ব্যক্তিস্বার্থ ও বিভেদ ভুলে দলীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সাংগঠনিক কার্যক্রম আরও জোরদার করতে হবে। তিনি বলেন, দেশের মানুষ গণতন্ত্র, ভোটাধিকার, আইনের শাসন ও ন্যায়বিচার প্রত্যাশা করে। জনগণের সেই প্রত্যাশা পূরণে বিএনপিকে সাংগঠনিকভাবে আরও শক্তিশালী হতে হবে। বরগুনার প্রতিটি উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দলকে সুসংগঠিত করে সাধারণ মানুষের সুখ-দুঃখে পাশে দাঁড়াতে হবে। জেলা বিএনপির সদস্য সচিব এস এম হুমায়ুন হাসান শাহীন বলেন, বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী আমাদের জন্য আত্মবিশ্লেষণ ও নতুন করে শপথ নেওয়ার দিন। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান যে রাজনৈতিক দর্শন ও আদর্শ নিয়ে বিএনপি প্রতিষ্ঠা করেছিলেন, তা ধারণ করে জনগণের কল্যাণে কাজ করতে হবে। তিনি আরও বলেন, আগামী দিনের রাজনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলায় দলের সর্বস্তরের নেতাকর্মীদের মধ্যে ঐক্য, শৃঙ্খলা ও পারস্পরিক শ্রদ্ধাবোধ বজায় রাখতে হবে। জনগণের অধিকার ও স্থানীয় মানুষের সমস্যা নিয়ে নেতাকর্মীদের আরও সক্রিয় ভূমিকা পালন করতে হবে। বক্তারা বলেন, বিএনপি প্রতিষ্ঠার পর থেকে দেশের রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। গণতন্ত্র, মানুষের অধিকার ও দেশের স্বার্থে দলটি বিভিন্ন সময়ে আন্দোলন-সংগ্রাম করেছে। আগামী দিনেও জনগণের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে গণতান্ত্রিক ও শান্তিপূর্ণ আন্দোলন-সংগ্রাম অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন তারা। প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচিতে বিভিন্ন উপজেলা থেকে আসা নেতাকর্মীদের ব্যাপক উপস্থিতি ছিল। র‍্যালি ও গণজমায়েতকে কেন্দ্র করে বরগুনা শহরে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়।

## ঝালকাঠিতে বিএনপির ৪৮তম

জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট শাহাদাত হোসেনসহ বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। এর আগে আলোচনা সভার শুরুতে জাতীয় সংগীত ও দলীয় সংগীত পরিবেশন করা হয়। শোভাযাত্রা ও আলোচনা সভায় জেলা ও উপজেলা বিএনপি এবং এর সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

## বাউফল বিএনপির ৪৮তম

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন- সাবেক এমপি শহিদুল আলম তালুকদার। সভায় অন্যদের অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সদস্য সচিব আপেল মাহমুদ ফিরোজ, যুগ্ন আহবায়ক গনি সিকদার ও পৌর বিএনপির সভাপতি হুমায়ুন কবির। অনুষ্ঠান শেষে উপজেলা পরিষদ চত্বরের সরকারি পুকুরে বিএনপি'র উদ্যোগে বিভিন্ন মাছের পোনা ও মুক্ত করা হয়।

## পিরোজপুরে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীতে র‍্যালি ও পথসভা

**পিরোজপুর প্রতিনিধি**

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে বর্ণাঢ্য র?্যালি ও পথসভা অনুষ্ঠিত হয়েছে। এতে জেলা বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী অংশ নেন। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সকালে পিরোজপুর শহরের জেলা বিএনপি কার্যালয় থেকে র‍্যালিটি বের করা হয়। র‍্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে দলীয় কার্যালয়ের সামনে এসে শেষ হয়। পরে সেখানে পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় বক্তব্য দেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও পিরোজপুর জেলা পরিষদের প্রশাসক আলমগীর হোসেন, জেলা বিএনপির আহ্বায়ক নজরুল ইসলাম খান, সদস্য সচিব সাইদুল ইসলাম কিসমত এবং সাবেক সদস্য সচিব গাজী ওয়াহিদুজ্জামান লাভলুসহ দলের বিভিন্ন পর্যায়ের নেতারা। কর্মসূচিতে জেলা বিএনপি, ছাত্রদল, যুবদলসহ দলের অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। পথসভায় বক্তারা বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বাংলাদেশের মানুষের কল্যাণ ও দেশের উন্নয়নের লক্ষ্যে বিএনপি প্রতিষ্ঠা করেছিলেন। দেশের মানুষের অধিকার প্রতিষ্ঠা এবং একটি সুন্দর ও মানবিক রাষ্ট্র গঠনে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। বক্তারা আরও বলেন, গণতন্ত্র, মানুষের ভোটাধিকার ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় বিএনপির নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকতে হবে। পাশাপাশি জনগণের কল্যাণে কাজ করে সমৃদ্ধ ও মানবিক বাংলাদেশ গঠনে সবাইকে ভূমিকা রাখার আহ্বান জানান তারা।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ০২ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৯ ভাদ্র ১৪৩৩

## ইরানের ওপর কঠোর আঘাত হানা হবে: ট্রাম্পের নতুন হুমকি

**কীর্তনখোলা ডেস্ক**
ইরানের ওপর নতুন করে 'কঠোর' আঘাত হানার হুমকি দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কয়েক সপ্তাহের বিরতির পর দেশ দুটির মধ্যে নতুন করে পাল্টাপাল্টি হামলার পরিপ্রেক্ষিতে সোমবার (৩১ আগস্ট) এ হুমকি দেন ট্রাম্প। ৩ এর পাতায় দেখুন

## হরমুজ প্রণালিতে সৌদি তেলবাহী দুই জাহাজে হামলা

**কীর্তনখোলা ডেস্ক**
হরমুজ প্রণালি দিয়ে বের হওয়ার সময় সৌদি আরবের অপরিশোধিত তেলবাহী দুটি সুপারট্যাংকারে অজ্ঞাতনামা ক্ষেপণাস্ত্র বা প্রজেক্টাইলের আঘাতের ঘটনা ঘটেছে। শিপিং গোয়েন্দা সংস্থা মেরিস্কস ও কেপলারের তথ্যের বরাতে ৩ এর পাতায় দেখুন



বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে নগরীতে বরিশাল মহানগরের সাবেক সদস্য সচিব মীর জাহিদুল কবির জাহিদের নেতৃত্বে বর্ণাঢ্য র‍্যালি -কীর্তনখোলা

## বদলি হওয়ায় রাতের আঁধারে সরকারি পুকুর থেকে মাছ ধরে নিলেন ভূমি কর্মকর্তা

**নেছারাবাদ প্রতিনিধি**
পিরোজপুরের নেছারাবাদে বদলিজনিত আদেশের পর সরকারি পুকুর থেকে রাতের আঁধারে মাছ ধরে নেওয়ার অভিযোগ উঠেছে এক ভূমি কর্মকর্তার বিরুদ্ধে। অভিযুক্ত কর্মকর্তার নাম আল আমিন, যিনি উপজেলার জলাবাড়ি ইউনিয়ন ভূমি অফিসের সহকারী কর্মকর্তা (তহশিলদার) হিসেবে কর্মরত ছিলেন। সম্প্রতি তাকে একই উপজেলার গুয়ারেখা ইউনিয়নে বদলি করা হয়। সোমবার (৩১ আগস্ট) দিবাগত রাত আড়াইটার দিকে জলাবাড়ি ইউনিয়ন ভূমি অফিস সংলগ্ন সরকারি পুকুরে এ ঘটনা ঘটে। সরকারি মালিকানাধীন পুকুর থেকে রাতের অন্ধকারে অনিয়মতান্ত্রিকভাবে মাছ লুটে নেওয়ার খবর ছড়িয়ে পড়লে স্থানীয় বাসিন্দাদের মধ্যে ক্ষোভের ৩ এর পাতায় দেখুন



## বিএনপি জনগণের অধিকার ও কল্যাণে কাজ করছে

### গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী

**ভাণ্ডারিয়া প্রতিনিধি**
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল মঙ্গলবার নানা আয়োজনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। এ উলক্ষে সকালে উপজেলা ও পৌর বিএনপির যৌথ আয়োজনে বর্ণাঢ্য র‍্যালি, জাতীয় ও দলীয় সঙ্গীত পরিবেশন শেষে পায়রা অবমুক্ত করার পর আলোচনা সভা ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন ঝালকাঠি, বরিশাল ও ভোলার আইনশৃঙ্খলা ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণ বিষয়ে তদারকির জন্য সদ্য নতুন অতিরিক্ত দ্বায়িত্বপ্রাপ্ত বর্তমান সরকারের গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রি আহম্মেদ সোহেল মনজুর সুমন। উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে পৌর অডিটরিয়ামে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বর্তমান সরকারের গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহম্মেদ সোহেল মনজুর সুমন বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) দেশের গণতন্ত্র, মানুষের অধিকার এবং জনগণের ৩ এর পাতায় দেখুন

## ছারছীনা মাদরাসার পাশে সন্ধ্যা নদীতে প্লাস্টিকের স্তূপ, ক্ষুব্ধ বিভাগীয় কমিশনার

**কীর্তনখোলা রিপোর্ট**
পিরোজপুরের নেছারাবাদে ছারছীনা দরবার শরিফসংলগ্ন সন্ধ্যা নদীতে বিপুল পরিমাণ ময়লা-আবর্জনা ও প্লাস্টিকের বোতল ভাসতে দেখে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন বরিশাল বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদ।



কমিশনারের তাৎক্ষণিক নির্দেশে উপজেলা প্রশাসন ও মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের প্রচেষ্টায় নদী থেকে সমস্ত বর্জ্য অপসারণ করা হয়েছে। এতে স্বস্তি প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা। মঙ্গলবার দুপুরে নেছারাবাদ উপজেলা ভূমি অফিস পরিদর্শন শেষে বরিশাল ফেরার পথে এ দৃশ্য দেখতে পান বিভাগীয় কমিশনার। নেছারাবাদ উপজেলা সহকারী কমিশনার(ভূমি) রায়হান মাহমুদ বলেন ৩ এর পাতায় দেখুন

## ছাদভিত্তিক সৌরবিদ্যুতে বিশেষ প্রণোদনা ইউনিটপ্রতি মিলবে ১০.৫০ টাকা

**কীর্তনখোলা ডেস্ক**
টেকসই জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে নবায়নযোগ্য জ্বালানির প্রসারে ব্যাটারিসহ ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপনে বিশেষ প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে সরকার। এ বিষয়ে মঙ্গলবার (১ সেপ্টেম্বর) প্রজ্ঞাপন জারি করা হয়েছে বলে বিদ্যুৎ বিভাগের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এতে বলা হয়, বর্তমান বাজারদর এবং বিদ্যুৎ বিভাগের পাওয়া বিভিন্ন দরপত্রের মূল্য বিবেচনায় নিয়ে ব্যাটারিসহ ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ উৎপাদনের ব্যয় প্রতি ইউনিটে সর্বোচ্চ ৮ টাকা নির্ধারণ করা হয়েছে। বিশেষ প্রণোদনার অংশ হিসেবে এ উৎপাদন ব্যয়ের ওপর ২০ শতাংশ মুনাফা ও ১১.২৫ ৩ এর পাতায় দেখুন



## চরফ্যাশনে বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

**চরফ্যাশন প্রতিনিধি**
বিভিন্ন কর্মসূচি, উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে চরফ্যাশনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি'র) ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে উপজেলা বিএনপির পক্ষ থেকে বৃক্ষরোপণ এবং স্থানীয় জলাশয়ে মৎস্য অবমুক্তকরণ কর্মসূচিরও আয়োজন করা হয়। মঙ্গলবার উপজেলা ও পৌর বিএনপির যৌথ উদ্যোগে দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় ৩ এর পাতায় দেখুন

## পটুয়াখালীতে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীতে দুই পক্ষের হাতাহাতি

**পটুয়াখালী প্রতিনিধি**
পটুয়াখালীর গলাচিপায় বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীতে দলের দুই পক্ষের নেতা-কর্মীদের মধ্যে হাতাহাতি ও ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটেছে। এসময় কয়েকটি এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সকালে গলাচিপা পৌর শহরের কালীবাড়ি, বটতলা ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের আশপাশে এসব ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ৩ এর পাতায় দেখুন

## বরগুনায় দায়িত্ব পালনকালে পুলিশ সদস্যের মৃত্যু

**বরগুনা প্রতিনিধি**
বরগুনা পুলিশ লাইন্সে দায়িত্ব পালনকালে অসুস্থ হয়ে মো. বেলাল হোসেন (৪০) নামে এক পুলিশ সদস্যের মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সকালে হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে তিনি মারা যান। মৃত মো. বেলাল হোসেন বাংলাদেশ পুলিশের এএসআই (সশস্ত্র) হিসেবে বরগুনা জেলা পুলিশ লাইন্সে কর্মরত ছিলেন। তিনি বরিশাল সদর উপজেলার কাউনিয়া থানার শায়েস্তাবাদ এলাকার বাসিন্দা। তার বাবার নাম মো. রুস্তম হাওলাদার এবং মায়ের নাম মোসাম্মাৎ জয়নব বেগম। বরগুনা জেলা পুলিশ সুপারের ৩ এর পাতায় দেখুন

## লালমোহনে বিপুল পরিমাণ নিষিদ্ধ পলিথিন জব্দ

**লালমোহন প্রতিনিধি**
ভোলার লালমোহনে পাঁচটি গোডাউনে অভিযান চালিয়ে ৫ হাজার ৫০০ কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ করেছে কোস্ট গার্ড। জব্দ করা পলিথিনের আনুমানিক মূল্য ২২ লাখ টাকা। তবে কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে গোডাউন মালিকেরা পালিয়ে যাওয়ায় এ ঘটনায় কাউকে আটক করা সম্ভব হয়নি। সোমবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে লালমোহন ৩ এর পাতায় দেখুন



## আগৈলঝাড়ায় বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

**আগৈলঝাড়া প্রতিনিধি**
বরিশালের আগৈলঝাড়ায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে উপজেলা বিএনপির কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি শুরু হয়। পরে আলোচনা সভা ও র‍্যালি অনুষ্ঠিত হয়। পরে উপজেলা পরিষদ হলরুমে উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত আহবায়ক সিকদার হাফিজুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বরিশাল-১ (গৌরনদী-আগৈলঝাড়া) আসনের সংসদ সদস্য জহির উদ্দিন স্বপন। এ সময় ৩ এর পাতায় দেখুন

## ঝালকাঠিতে বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

**ঝালকাঠি প্রতিনিধি**
ঝালকাঠিতে নানা আয়োজনে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সকাল ১০টায় জেলা বিএনপি কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী ড. জিয়াউদ্দিন হায়দারের নেতৃত্বে শোভাযাত্রাটি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে শিল্পকলা চত্বরে গিয়ে শেষ হয়। পরে শিল্পকলা মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী ড. জিয়াউদ্দিন হায়দার। সভায় বিশেষ অতিথি ছিলেন ঝালকাঠি-২ আসনের সংসদ সদস্য ইসরাত সুলতানা ইলেন ভূট্টো এবং সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য জীবা আমিনা আল গাজী। জেলা বিএনপির আহ্বায়ক অ্যাডভোকেট সৈয়দ হোসেনের সভাপতিত্বে সভায় আরও বক্তব্য রাখেন ৩ এর পাতায় দেখুন



## নেছারাবাদে ২২০ কেজি হরিনের মাংসসহ দুজন আটক

**নেছারাবাদ প্রতিনিধি**
পিরোজপুরের নেছারাবাদে ২২০ কেজি হরিণের মাংসসহ দুই ব্যক্তিকে আটক করেছে দৈহারী নৌ পুলিশ। সোমবার দুপুরে উপজেলার ভরতকাঠি খেয়াঘাট এলাকায় অভিযান চালিয়ে একটি কাঠ বডির ট্রলারে তল্লাশি করে এসব মাংস উদ্ধার করা হয়। আটক ব্যক্তিরা হলেন বরগুনার পাথরঘাটা উপজেলার খাসতবক গ্রামের সুলতান হাওলাদারের ছেলে মো. খলিল (৪১) এবং একই উপজেলার তাফালবাড়িয়া গ্রামের চান মিয়া মাঝির ছেলে বাবুল ফরাজি (৪২)। দৈহারী নৌ পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সোমবার দুপুরে উপজেলার বেলুয়া নদীর ভরতকাঠি খেয়াঘাট এলাকায় অভিযান চালানো হয়। এ সময় একটি কাঠ বডির ট্রলারে তল্লাশি চালিয়ে ২২০ কেজি হরিণের মাংস উদ্ধার করা হয়। পরে মাংস পরিবহনের সঙ্গে জড়িত থাকার অভিযোগে খলিল ও বাবুল ফরাজিকে আটক করা হয়। দৈহারী নৌ পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. নিয়াজ মোর্শেদ বলেন, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রহমানির রহিম
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
LRACM
EIIN: 137732
Code: 20830
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।
আবাসিক অনাবাসিক ডে-কেয়ার
দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
২০২৬ শিক্ষাবর্ষে আলিম শ্রেণিতে বালক-বালিকা পৃথক শাখায়
ভর্তি চলছে
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮



## বাউফল বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

**বাউফল প্রতিনিধি**
"সবার আগে বাংলাদেশ" প্রতিপাদকে সামনে রেখে পটুয়াখালীর বাউফলে বাংলাদেশের জাতীয়তাবাদী দল বিএনপি'র ৪৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আলোচনা সভা শেষে সরকারি পুকুরবিভিন্ন প্রজাতির মাছ অবমুক্ত করা হয়েছে। সকাল ১১ টায় বাউফল উপজেলা পরিষদ মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা বিএনপি'র ভারপ্রাপ্ত আহবায়ক তসলিম তালুকদারের সভাপতিত্বে আয়োজিত ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল



বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে নগরীতে বরিশাল মহানগর বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আফরোজ খানম নাসরিনের নেতৃত্বে বর্ণাঢ্য র‍্যালি -কীর্তনখোলা

## বরগুনায় বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকীতে বর্ণাঢ্য র‍্যালি

**বরগুনা প্রতিনিধি**
যথাযোগ্য মর্যাদা ও ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে বরগুনায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি'র ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে জেলা বিএনপির উদ্যোগে বর্ণাঢ্য র‍্যালি, গণজমায়েত ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। কর্মসূচিতে জেলা বিএনপি, বিভিন্ন উপজেলা বিএনপি এবং দলের অঙ্গ ও সহযোগী সংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী অংশগ্রহণ করেন। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সকাল ৯টায় বরগুনা শহরের দলীয় কার্যালয় থেকে বর্ণাঢ্য ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com